মধ্যাহ্ন বিরতি	দৈনিক ১ ঘন্টা	

ওভারটাইম ভাতা হলঃ মূল মজুরীর দ্বিগুন

পিস রেট/ ঠিকা হার এর ক্ষেত্রেঃ যে রেটে শ্রমিক কাজ করে তার গড় আয়ের সমান।

শ্রম আইন অনুযায়ী ওভারটাইম ভাতা প্রদান

- কোন শ্রমিক দৈনিক ৮ ঘন্টা এবং সপ্তাহে ৪৮ ঘন্টার অধিক কাজ করার জন্য

বন্ধ এবং ছুটির বিধান

পূর্ণ মজুরীতে ছুটিসমূহ

সাপ্তাহিক ছুটিঃ ১ দিন

নৈমিত্তিক ছুটিঃ বছরে ১০ দিন

উৎসব ছুটিঃ বছরে ১১ দিন

বার্ষিক ছুটিঃ

- প্রাপ্ত বয়স্কঃ ১৮ দিন কাজের জন্য ১ দিন
- অপ্রাপ্ত বয়স্কঃ ১৫ দিন কাজের জন্য ১ দিন

পীড়া ছুটিঃ বছরে ১৪ দিন (একসাথে তিন বা ততোধিক দিন হলে ডাক্তারী সনদ দিতে হবে)

প্রসূতী কল্যাণ ছুটিঃ ১৬ সপ্তাহ (সন্তান জন্মের পূর্বে ৮ সপ্তাহ, জন্মের পর ৮ সপ্তাহ)

বাধ্যতামূলক শ্রম, হয়রানি এবং বৈষম্য

বাধ্যতামূলক শ্রম: বাধ্যতামূলক শ্রম হল যে কোন কাজ যা মানুষের ইচ্ছার বিরুদ্ধে ভয়ভীতি দেখিয়ে জোর করে করানো হয়। একজন ব্যক্তি বাধ্যতামূলক শ্রম পরিস্থিতিতে কিনা তা নির্ধারণ হয় ঔ ব্যক্তি এবং নিয়োগকর্তার সম্পর্কের ধরণের উপর; কিন্তু কি ধরণের কাজ করছে তার উপর নয়।

বাধ্যতামূলক শ্রম বাংলাদেশে অবৈধ!

- কোন ব্যক্তির কাছ হতে সকল প্রকার কাজ বা সেবা আদায় যা সে সেচ্ছায় করে না
- মৌলিক মানবাধিকারকে অসম্মান করে
- ভয়-ভীতি বা শক্তি প্রয়োগ করে কোন কাজ গ্রহনযোগ্য নয়
- নিয়োগকর্তা কোন মহিলাকে তার সম্মতি ব্যতিরেকে রাতে কাজ করতে বাধ্য করতে পারে না
- নিয়োগকর্তা কাউকে ওভারটাইম করতে বাধ্য করতে পারেনা
- নিয়োগকর্তা কোন শ্রমিকের বেতন বা পরিচয়পত্র আটকে রাখতে পারেনা
- একজন শ্রমিকের ছুটি কাটাবার, দুপুরের খাবার বিরতি এবং টয়লেটে যাবার অধিকার আছে
- একজন শ্রমিক অবাধে তার চাকুরী পরিবর্তনের স্বাধীনতা আছে!

সাধারণত অর্থে হয়রানি হল অনাকাংখিত আচরণ যা কর্মক্ষেত্রে নারী ও পূরুষের মর্যদাকে ক্ষতিগ্রস্থ করে। হয়রানি বয়স, লিঙ্গ, জাত, অক্ষমতা, ধর্ম, জাতীয়তা বা কারো ব্যক্তিগত চরিত্র এবং অটল আচরণ বা বিচ্ছিন্ন ঘটনার সাথে সম্পর্কযুক্ত হতে পারে।

দুর্ব্যবহার হতে পারেঃ

- মৌখিক - স্পষ্ট এবং সূক্ষ্ম
- অমৌখিক - শরীরের অঙ্গভঙ্গী, দৃষ্টি
- দৈহিক
- মানসিক
- তর্জন গর্জন

এটা আপনাকে বিষণ্ন, উদ্বিগ্ন, ভীত করে তুলবে

হয়রানি

- অনাকাঙ্খিত আচরণ যা একজন ব্যক্তির মর্যাদা ক্ষুন্ন করে
- বয়স, লিঙ্গ, জাতি, অক্ষমতা, ধর্ম, জাতীয়তা, বা ব্যক্তিগত বৈশিষ্টের কারণে
- দুর্ব্যবহার (মৌখিক ও শারীরিক)

যৌন হয়রানিঃ

- কোন ব্যক্তির সাথে যৌনতাসূচক আচরণ
- মৌখিক, দৃশ্যমান, লিখিত শারীরিক হতে পারে

যখন জাত, গায়ের রং, লিঙ্গ, ধর্ম, রাজনৈতিক মতাদর্শ, বংশকুল বা সামাজিক উৎপত্তির ভিত্তিতে কোন পার্থক্য, বর্জন বা পক্ষপাত করা হয় যা সুযোগের সমতা অথবা চাকুরী বা পেশায় আচরণ ক্ষতিগ্রস্থ বা দুর্বল করে তা বৈষম্য হিসাবে গণ্য করা হয়।

বৈষম্য

- কোন বিশেষ বৈশিষ্ট্যের কারনে মানুষকে কম সুবিধা দেয়া (যেমন-ধর্ম, জাত, জাতি, লিঙ্গ বা জন্মস্থান)
- বৈষম্যতা এদেশে নিষিদ্ধ
- মানবাধিকার ও মর্যাদা ক্ষুণ্ন করে
- সমান মানের কাজে বৈষম্য ছাড়া সমান পারিশ্রমিক দেয়া উচিত

সেলফ চেক ১.২

প্রশ্ন ১: পাঁচ বছর পর বাংলাদেশের কনস্ট্রাকশন সেক্টরের প্রধান ৫ টি পেশার শ্রমিক চাহিদা অনুযায়ী নিচের ছকটি পূরণ করুন।

ক্রঃ নং	পেশা	বর্তমান চাহিদা	৫ বছরে চাহিদা
১.	মেশন	১৪১৮২	
২.	রড বাইন্ডার	১৪৭১৪	
৩.	সাটারিং কার্পেন্টার	৯০৪১	
৪.	টাইলস ফিটার	৪২৫৫	
৫.	বিল্ডিং পেইন্টার	২৬৮৯	

প্রশ্ন ২: একজন ইলেকট্রিক মিস্ত্রির সরকার নির্ধারিত মজুরী কত?

ক. ৫৫০-৬৫০
খ. ৪২০-৬৩০
গ. ৫১০-৬০০
ঘ. ৬০০-৬৫০

প্রশ্ন ৩: একজন সহকারি প্লাম্বার মিস্ত্রির সরকার নির্ধারিত মজুরী কত?

ক. ৫৮০-৬০০
খ. ৫৫০-৬২৫
গ. ৫৫০ - ৫২৫
ঘ. ৫৪০ - ৫২০

উত্তরপত্র ১.২

প্রশ্ন ১:

ক্রঃ নং	পেশা	বর্তমান চাহিদা	৫ বছরে চাহিদা
১.	মেশন	১৪১৮২	১০৭৩০৯
২.	রড বাইন্ডার	১৪৭১৪	৪৪৭৩২
৩.	সাটারিং কার্পেন্টার	৯০৪১	১৯০৫৭
৪.	টাইলস ফিটার	৪২৫৫	১৮১১১
৫.	বিল্ডিং পেইন্টার	২৬৮৯	১৭৫৮০

প্রশ্ন ২: ৫৫০-৬৫০

প্রশ্ন ৩: ৫৫০ - ৫২৫

কার্যক্রম শীট ১.২

কার্যক্রম এর নাম: কনস্ট্রাকশন সেক্টরে কাজের চাহিদা নিরুপণ করা	
বাংলাদেশে প্রকাশিত চাকরীর বিজ্ঞপ্তি সমূহ অনুসন্ধাণ এবং সর্বশেষ প্রকাশনাটি সংরক্ষণ করা। নির্মাণ শিল্পের বিভিন্ন তথ্য অনুসন্ধান করা। বিভিন্ন প্রকাশনা থেকে প্রাপ্ত তথ্য এবং লেকচারের সহায়তা নিয়ে নিচের খালি স্থান পূরণ করুন।	
পেশার নাম	
কাজের বর্ণনা	▪ ▪ ▪ ▪ ▪
বর্তমানে এই পেশায় কর্মরত শ্রমিকের সংখ্যা	
পাঁচ বছরে এই পেশায় কর্মরত শ্রমিকের সংখ্যা কত	

এই পেশায় একজন দক্ষ ওয়ার্কার এর সরকার নির্ধারিত মজুরী	

শিখনফল ২: কাজের প্রক্রিয়া ও পদ্ধতি চিহ্নিত করা

বিষয়বস্তু:

১. নির্মাণ খাতের নীতিমালা এবং নির্দেশিকাসমূহ
২. নির্মাণ খাতের কাজের বিভিন্ন প্রক্রিয়া

মূল্যায়নের মানদন্ডঃ

১. নির্মাণ খাতের সাথে সম্পর্কিত নীতিমালা ও নির্দেশিকা চিহ্নিত এবং ব্যাখ্যা করা
২. নির্মাণ প্রক্রিয়া চিহ্নিত, বর্ণনা এবং ব্যাখ্যা করা
৩. কার্য প্রক্রিয়া সঠিকভাবে চিহ্নিত করা

শিখন উপকরণ ঃ

১. রেফারেন্স বই
২. সিবিএলএম
৩. মডিউল বা রেফারেন্স

শিখন কার্যক্রম - ২

শিখন ফলঃ কাজের প্রক্রিয়া ও পদ্ধতি চিহ্নিত করা

শিখন কার্যক্রম	বিশেষ নির্দেশনা
শিখন কার্যক্রম ২.১: কনস্ট্রাকশন সাইটের কাজের প্রক্রিয়া ও পদ্ধতি	▪ **ইনফরমেশন শীট ২.১** পড়ুন ▪ **সেলফ চেক ২.১** সম্পন্ন করুন ▪ **উত্তরপত্র ২.১** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন ▪ **কার্যক্রম শীট ২.১** অনুসারে কাজ করুন

ইনফরমেশন শীট ২.১: কনস্ট্রাকশন সাইটের কাজের প্রক্রিয়া ও পদ্ধতি

শিখনের উদ্দেশ্যসমূহ: এই ইনফরমেশন শীটটি বাংলাদেশের কনস্ট্রাকশন সেক্টওে কাজের ধরণ, প্রক্রিয়া এবং পদ্ধতি চিহ্নিত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও মনোভাব অর্জন করতে পারবেন।

ভূমিকা: একটি কনস্ট্রাকশন প্রজেক্টে বিভিন্ন পেশার লোক কাজ করে এবং এদের মধ্যে প্রজেক্ট ম্যানেজার অথবা কন্ট্রাকটরা সবাইকে কাজ ভাগ করে দেন। ফিল্ড ওয়ার্কাররা সাধারণত সুপারভাইজার এবং গ্রুপ লিডারদের থেকে নির্দেশনা পেয়ে থাকে। প্রত্যেক ওয়ার্কারকে কনস্ট্রাকশন সাইটের নির্দেশনাগুলো সঠিকভাবে মেনে চলতে হয়। নির্দেশনা বিভিন্ন ধরণের এবং বিভিন্ন মাধ্যমে দেওয়া হয়।

মুখোমুখি আলোচনা	দলীয় আলোচনা
মোবাইল ফোনালাপ	ইমেইল
ওয়াকিটকি/রেডিও মেসেজ	হাতের ইশারা

অফিস আদেশ

চিহ্ন

ড্রয়িং এবং স্পেসিফিকেশন

নির্দেশনাগুলো ভালভাবে বুঝার জন্য নিম্নোক্ত বিষয়গুলো সম্পর্কে ধারণা থাকতে হবে।

১. মনোযোগ সহকারে শোনা
২. প্রয়োজন অনুযায়ী প্রশ্ন করে কাজের চাহিদা বুঝে নেওয়া
৩. ডকুমেন্টগুলো ভালভাবে পড়া এবং বুঝে নেওয়া
৪. আপনার বুঝা যাচাই কনে নেওয়
৫. কোন কিছু বুঝতে অসুবিধা হলে কারো সহায়তা নেওয়া।

নির্দেশনা গ্রহণের ডকুমেন্টসমূহ

১. ডায়াগ্রাম এবং স্কেচ
২. যথাযথ কতৃপক্ষ কতৃক জারিকৃত অফিস আদেশ
৩. নির্মাতা প্রতিষ্ঠানের স্পেসিফিকেশ এবং নির্দেশনা
৪. মালামালের নিরাপত্তা ডাটা শীট
৫. বাংলাদেশের জাতীয় বিল্ডিং কোড এবং নীতিমালা
৬. ওয়ার্ক শিডিউল

গুণগতা মানের চাহিদা:

প্রত্যেক কাস্টমারের প্রধান চাহিদা হচ্ছে গুণগত মান। কাস্টমারের চাহিদা অনুযায়ী গুণগত মান বজায় রাখা প্রাত্যেক ওয়ার্কার এর কাছ থেকে প্রত্যাশা। কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রিতে গুণগাত মান উন্নত উপকরণ, কনস্ট্রাকশন পদ্ধতি এবং নিরাপত্তার উপর নির্ভর করে।

গুণগত মান নিয়ন্ত্রণের জন্য জাতীয়ভাবে এবং কনস্ট্রাকশন কোম্পানির কতৃক আইন এবং নীতি গ্রহণ করা হয়। প্রত্যেক প্রতিষ্ঠান এবং ব্যাক্তি আইন এবং নীতি মেনে কাজ করতে হয়। গুণগত মান নিশ্চিত করার জন্য এর কোন বিকল্প নেই। গ্রাহকের সন্তুস্টির উপর কোম্পানীর এবং দক্ষ কর্মীদের সুনাম নির্ভর করে।

কোয়ালিটি মান নিয়ন্ত্রণকারী সংস্থা:

- বাংলাদেশ বিল্ডিং স্ট্যান্ডার্ড
- কনস্ট্রাকশন কোম্পানীর আভ্যন্তরীন স্ট্যান্ডার্ড এবং পলিসি
- নির্মাতা প্রতিষ্ঠানের স্পেসিফিকেশন
- ওয়ার্কপ্লেস অপারেশন এবং পদ্ধতি

কনস্ট্রাকশন কাজের মান নিয়ন্ত্রণের নিয়ম কানুন এবং কোড:

কনস্ট্রাকশন সেক্টরের কাজ করার জন্য একজন কর্মীকে বাংলাদেশের বিল্ডিং কোডসহ অন্যান্য নীতিমালা এবং লিগ্যাল নির্দেশনা মেনে কাজ করতে হবে। বাংলাদেশের কনস্ট্রাকশন সেক্টরের জন্য বাংলাদেশ বিল্ডিং কোড অনুসরণ করতে হয় যা বাংলাদেশ সরকারের গৃহায়ন এবং গণপূর্ত মন্ত্রণালয়ের কতৃক বাস্তবায়িত হয়। এই বিল্ডিং কোডটি কনস্ট্রাকশন সেক্টরের সকলকে মেনে চলতে হয়। এছাড়াও নির্মাণ কাজ এবং শ্রমিকদের অধিকার রক্ষার জন্য জাতীয় আইন প্রণয়ণ করা হয়েছে।

- ন্যাশনাল বিল্ডিং কোড
- শ্রম আইন ২০০৬

কোড অব প্র্যাকটিসসমূহ আইন প্রণেতা, ইন্ডাস্ট্রি নিয়ন্ত্রক এবং ইন্ড্রস্ট্রি কতৃক ওয়ার্কারদের সহায়ক হিসেবে প্রণয়ন করেন। এই প্রাকটিসগুলো আইন নয়, এগুলো কর্মক্ষেত্রে সম্পর্ক, কাজের পদ্দতি, প্রশিক্ষণ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং অন্যান্য দিক সম্পর্কে দিক নির্দেশনা দিয়ে থাকে।

কাজের ধারা

কোম্পানি, নিয়োগদাতা অথবা অন্যান্য প্রতিষ্ঠানগুলো ওয়ার্কারদের কি পদ্ধতি অনুসরণ করে কাজ করতে হবে তার জন্য পলিসি এবং পদ্ধতি তৈরি করে থাকে। পলিসিতে কাজের পদ্ধতি, স্ট্যান্ডার্ড, উপকরণ, টুলস এবং যন্ত্রপাতির ব্যবহার এর ধারা উল্লেখিত থাকে। প্রত্যেকটি পলিসিতে কনস্ট্রাকশন সম্পর্কিত জাতীয় আইনগুলোর সাথে সম্পৃক্তাতা এবং কোম্পানীগুলোর প্রয়োজনীয়তা নিশ্চিত করা হয়।

এতে উল্লেখ থাকে

- কিভাবে কাজের সাইটে রিসোর্স ব্যবহার করতে হয়
- কিভাবে কাজের সাইটে শক্তির ব্যবহার করতে হয়
- কিভাবে বর্জ্য ব্যবস্থাপনা করতে হয়

কিছু ওয়ার্কপ্লেস অথবা কোম্পানীগুলো তাদের কাজের জায়গাগুলো উন্নতির জন্য প্রতিনিয়ত নানা ধরণের পদক্ষেপ নিয়ে থাকে। তারা এমন কিছু পদক্ষেপ নিয়ে থাকে যেগুলো আইন এবং নীতির বাইরে।

উপকরণের ব্যবহার

কাজের জন্য সঠিক উপকরণ নির্বাচন এবং ব্যবস্থাপনা এমন হতে হবে যেন এদের ব্যবহার সঠিক হয় এবং অপচয় কমে। উপকরণসমূহের সঠিক ব্যবহার নিশ্চিত করা গেল নির্মাণ ব্যয় এবং প্রাকৃতিক সম্পদের ব্যবহার কমানো যাবে। বর্তমানে অনেক কনস্ট্রাকশন কোম্পানী বিল্ডিং নির্মাণ এর জন্য পরিবেশ বান্ধব উপকরণ এর উপর গুরুত্ব প্রদান করছে। এত একদিকে খরচ কমে এবং পরিবেশের ক্ষতি কম হয়।

পরিবেশ বান্ধব বিল্ডিং উপকরণ হচ্ছে সেই সব উপকরণ যেগুলো অন্যান্য উপকরণের তুলনায় পরিবেশের উপর কম ক্ষতিকর প্রভাব ফেলে। তার মানে, পরিবেশ বান্ধব উপরকরণ বলে বিবেচিত হতে গেলে গুলো নিম্নে উল্লেখিত এক বা ততোধিক শর্ত পূরণ করতে হবে।

- নবায়নযোগ্য কাঁচামাল থেকে প্রস্তুত করতে হবে
- পুন:ব্যবহারযোগ্য পণ্য অথবা কাঁচামাল থেকে প্রস্তুত হতে হবে
- অধিকতর ক্ষমতাসম্পন্ন হতে হবে

কনস্ট্রকশন কাজে যে ধরণের উপকরণ ব্যবহার করা হউক না কেন এগুলোর ব্যবহার এবং রক্ষণাবেক্ষণের উপর এর কার্যকারিতা নির্ভর করে। কনস্ট্রাকশন কোম্পানিগুলো প্রতি বছর মিলিয়ন মিলিয়ন টন বর্জ্য তৈরি করে এবং পরিবেশের উপর নিম্নোক্ত প্রভাব ফেলে:

- প্রাকৃতিক সম্পদের অধিক ব্যবহার
- অধিক ল্যান্ডফিল এবং দূষণ
- বিপজ্জনক পদার্থের দূষণের ক্ষতিকর প্রভাব
- অধিক ব্যয়

বাতিল উপকরণ

কনস্ট্রাকশন আবর্জনা

দূষিত নদী

এনার্জির সঠিক ব্যবহার

কনস্ট্রাকশন সেক্টরে বিভিন্ন ধরণের এনার্জির ব্যবহার হয় এবং এসকল এনার্জির তৈরিতে প্রচুর পরিমাণে ভঅপ্রতুল প্রাকৃতিক সম্পদ যেমন কয়লা এবং তৈল ব্যবহার করতে হয় এবং এর ফলে অধিক পরিমাণে গ্রিনহাউজ গ্যাস নির্গমন করে যা বায়ুমন্ডলের ক্ষতি করে।

কনস্ট্রাকশন সেক্টরে প্রধানত দুইভাবে এনার্জি ব্যবহার হয়ে থাকে। যখন আমরা টুলসের কেবল প্লাগের মধ্যে সরাসরি ঢুকিয়ে কাজ করি তাকে অপারেটিং এনার্জি বলে। আবার অন্য ধরণের এনার্জি আছে যেগুলো ব্যবহার করা হয় বিভিন্ন ধরণের পন্য প্রস্তুত করার জন্য।



বিপদজনক উপকরণ নাড়াচাড়া

নির্মাণ শিল্পের ব্যবসায়ীরা নিয়মিত ভাবে বিভিন্ন সামগ্রী ব্যবহার করে কখন কখন বিপদজনক হতে পারে; যেমন হ্যান্ডেলিং, স্টোরেজ এবং বিভিন্ন উপকরণ আর্বজনা হিসেবে ফেলা হয় যা থেকে মানুষ, প্রানী, গাছপালা, মাটি এবং নদীর ক্ষতি হতে পারে ।

যে কোন উপকরণ ব্যবহারের আগে জানা উচিৎ, উপকরণটি পরিবেশের উপর কোন ক্ষতিকারক প্রভাব ফেরবে কিনা এবং কিভাবে ব্যবহার করবেন বা কিভাবে বর্জ অপসারণ করবেন। নির্মাণ সাইটে যদি কোন বিপদজনক উপকরণ ব্যবহৃত হয় তাহলে লিপিবদ্ধ থাকা উচিৎ। প্রয়োজনের সময় যে কেউ তা যেন খুজে পায়:

- কেমিক্যাল রেজিষ্টার
- নিরাপদ কার্যপদ্ধতির বিবৃতি
- সতর্কতামূলক সাইন এবং সিম্বল
- নির্মাতা প্রতিষ্ঠানের স্পেসিফিকেসন
- পণ্যর লেবেল
- সেফটি ডাটা সীট(এসডিএস)
- কেমিক্যাল রেজিষ্টার
- নিরাপদ কার্যপদ্ধতির বিবৃতি
- সতর্কতামূলক সাইন এবং সিম্বল
- নির্মাতা প্রতিষ্ঠানের স্পেসিফিকেসন
- পণ্যের লেবেল

বর্জ্য ব্যবস্থাপনা

অধিকাংশ কাজের সাইটে পরিবেশের ক্ষতি কমাতে নিরাপদ বর্জ্য ব্যবস্থাপনার নীতি গ্রহন করে । বর্জ ব্যবস্থাপনার পরিকল্পনায় যে পদ্ধতিগুলো অন্তর্ভুক্ত করা উচিৎ

- পুন-ব্যবহারযোগ্য উপকরণ আলাদা করা
- বিপদজনক বর্জ্য নিরাপদে ফেলা
- নিরাপদ পরিস্কার পরিচ্ছনতা পদ্ধতি



অনেক নির্মান সাইটে বৃষ্টির পানি সুরক্ষাকে গুরুত্বের সাথে বিবেচনা করা হয়। প্লাস্টিকের বোতল, বিপদজনক পদার্থ এবং বিল্ডিং এর উপকরণ যেমন নুড়ি এবং কংক্রিট বৃষ্টির পানি র সাথে ড্রেনে চলে যেতে পারে এবং শেষ পর্যন্ত নদী বা সাগরে পড়তে পারে

সঠিক পদ্ধতি অনুসরণ না করার ফলে পরিস্কার পরিচ্ছনতা এবং বর্জ্য ব্যবস্থাপনার ক্ষতিগ্রস্ত হতে পারে । কিছু পরিবেশগত ঝুঁকি যেমন অ্যাসবেস্টস যা মাটির উপরিভাগের অংশকে কিছু পরিবেশগত ঝুঁকি যেমন অ্যাসবেস্টস কেবল ঝুঁকির সাথে উপরের মাটি সরিয়ে পরিষ্কার করা যায় যা মাটির কাঠামোর ক্ষতি করে এবং গাছপালা এবং বীজ সরিয়ে দেয়। এই ধরণের বিপদগুলি কেবল বিশেষজ্ঞরা পরিষ্কার করতে পারেন।অকার্যকর বর্জ্য ব্যবস্থাপনা বা বৃষ্টির পানি বর্জ্য ব্যবস্থাপনা ব্যবহার না করার ফলে পরিবেশের ক্ষতি হয় যা কোম্পানি বা ব্যাক্তিবর্গকে মোটা অংকের জরিমানা প্রদান করতে হয়।

নির্মাণ শিল্প পরিবেশের উপর একটি উল্লেখযোগ্য প্রভাব আছে। অধিকাংশ নির্মাণ প্রক্রিয়ার সময় প্রচুর প্রাকৃতিক সম্পদের উপকরণ এবং শক্তি উভয় ব্যবহৃত হয়। নির্মাণ প্রকল্পে প্রচুর পরিমানে বর্জ্য তৈরি হয়।

পরিবেশবান্ধব কাজ মানে কাজের অনুশীলন গ্রহণ করা :

- উপকরণ এবং প্রাকৃতিক সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা
- শক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা
- পরিবেশের সর্বনিম্ন ক্ষতি
- কার্যকর ভবন তৈরি করা

কোম্পানি বা ব্যাক্তিবর্গ কাজের দক্ষতা বজায় রাখার সময় এ কাজ অনুশীলন করা দরকার। আপনি নির্মাণ শিল্পে যখন কাজ শুরু করবেন, তখন আপনি একটা বিল্ডিং এর নকশা বা একটি প্রকল্পের ব্যবস্থাপনা সম্পর্কে নাও বলতে পারেন, কিন্তু আপনি সাইটে গুরুত্বপূর্ন ভুমিকা পালন করতে পারেন।

সেলফ চেক ২.১

প্রশ্ন ১: কর্মক্ষেত্রে নির্দেশনা প্রদানের উল্লেকযোগ্য মাধ্যমগুলো নাম লিখুন।

প্রশ্ন ২: নির্দেশনা গ্রণের জন্য ডকুমেন্টসমূহ

প্রশ্ন ৩: পরিবেশ বান্ধব বিল্ডিং উপকরণ হওয়ার শর্তসমূহ লিখুন।

উত্তরপত্র ২.১

১. মুখোমুখি আলোচনা
দলীয় আলোচনা
মোবাইল ফোনালাপ
ইমেইল
ওয়াকিটকি/রেডিও মেসেজ
হাতের ইশারা

২. ডায়াগ্রাম এবং স্কেচ
যথাযথ কতৃপক্ষ কতৃক জারিকৃত অফিস আদেশ
নির্মাতা প্রতিষ্ঠানের স্পেসিফিকেশ এবং নির্দেশনা
মালামালের নিরাপত্তা ডাটা শীট
বাংলাদেশের জাতীয় বিল্ডিং কোড এবং নীতিমালা
ওয়ার্ক শিডিউল

৩. নবায়নযোগ্য কাঁচামাল থেকে প্রস্তুত করতে হবে
পুন:ব্যবহারযোগ্য পণ্য অথবা কাঁচামাল থেকে প্রস্তুত হতে হবে
অধিকতর ক্ষমতাসম্পন্ন হতে হবে

কার্যক্রম শীট ২.১

কার্যক্রমের নাম: নির্দেশনা অনুসরণ করা	
দুই জন কর্মীকে নির্দেশনা প্রদান করা হল তারা যেন সকাল ১১ টায় পেইন্টিং এর কাজ শুরু করবে, তাই তাদের কাজের জন্য সবকিছু প্রস্তুত রাখতে হবে। রং করার জন্য ফোরম্যান তাদের নির্দেশনা প্রদান করল তারা যেন কাজ শুরুর পূর্বে দেওয়ালের সাথে বক্সগুলো ঠেকা দিয়ে রাখে যেন ইট ভেঙ্গে না যায়। উপরের সমস্যা এবং প্রশ্নগুলো বিবেচনা করে এই কাজটি সম্পন্ন করার জন্য ক্রমানুসারে একটি পদ্ধতি লিপিবদ্ধ করুন	
কোন কাজগুলো করতে হবে	
১.	
২.	
৩.	
৪.	
৫.	
কাজ শেষ করার সময়সীমা গুলো কি	
১.	
২.	
৩.	
৪.	

শিখনফল ৩: কর্মক্ষেত্রের চাহিদা বা প্রয়োজনীয়তা নির্ধারণ করা

বিষয়বস্তু:

১. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের ব্যবহার
২. হ্যান্ড টুলস ব্যবহার করার পদ্ধতি

মূল্যায়নের মানদন্ডঃ

১. কর্মক্ষেত্রের চাহিদাগুলো/প্রয়োজনীয়তা চিহ্নিত এবং ব্যাখ্যা করা
২. প্রত্যেক কর্মীর উপর অর্পিত দায়িত্ব এবং কর্তব্য ব্যাখ্যা করা
৩. কর্মক্ষেত্রের রীতিনীতি চিহ্নিত করা
৪. প্রতিবন্ধকতা, অসঙ্গতি এবং অন্যান্য উদ্বেগগুলোর সমাধানে সমস্যা সমাধানের কৌশলগুলো ব্যবহার করা

শিখন উপকরণ ঃ

১. রেফারেন্স বই
২. ফিনিশিং কার্পেন্ট্রি সিবিএলএম
৩. মডিউল বা রেফারেন্স

ইনফরমেশন শীট ৩.১: কনস্ট্রাকশন সাইটে কাজের চাহিদা নির্ধারন করা

শিখনের উদ্দেশ্যসমূহ: এই ইনফরমেশন শীটটি কনস্ট্রাকশন সাইটে কাজের চাহিদা নির্ধারন করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও মনোভাব অর্জন করতে পারবেন।

ভূমিকা:

প্রতিষ্ঠানিক প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত:

- প্রবেশাধিকার, ন্যায় নীতি, অনুশীলন
- বৈষম্য-বিরোধী এবং সম্পর্কিত নীতি
- ব্যবসা এবং কর্মক্ষমতার পরিকল্পনা
- নৈতিক মূল্যমান
- লক্ষও উদ্দেশ্য
- আইন ও প্রতিষ্ঠানের নীতি, নির্দেশিকা এবং প্রয়োজনীয়তা

নিয়োগকর্তার চাহিদা ও দায়িত্ব

প্রতিটি প্রতিষ্ঠান, নিয়োগকর্তা বা কর্মক্ষেত্রে এমন নীতি রয়েছে যা কর্মসংস্থান সুযোগ, কাজের শর্তাদি, কাজ প্রক্রিয়া এবং ফলাফলগুলি পরিচালনা করে। এই নীতিগুলি সব আইন এবং রেগুলেশন অনুসরণ করা হয় এবং ব্যবসা এবং কর্মক্ষমতা পরিকল্পনা অর্জন করা হয় তা নিশ্চিত করার জন্য উন্নত করা হয়।

যখন আপনি নির্মাণ শিল্পে কাজ করেন, এটি একটি বড় বিল্ডিং কোম্পানী বা একটি পৃথক ব্যবসায়ীর পক্ষে, তা হলে আপনার নিয়োগকর্তার দ্বারা প্রভাবিত হবেন:

- লক্ষ্য এবং উদ্দেশ্য - তারা কি স্বল্পমেয়াদী এবং দীর্ঘ মেয়াদে অর্জন করার পরিকল্পনা করে
- সিস্টেম এবং প্রসেস - তারা কাজ সম্পন্ন করতে পছন্দ কিভাবে করে
- মানের মান - পণ্য এবং পরিশেবার পছন্দের অবস্থা, নির্ভরযোগ্যতা এবং নিরাপত্তা
- নৈতিক মান - আচরণ, কর্মীদের, ক্লায়েন্ট এবং জনগণের ন্যায্যতা এবং শ্রদ্ধা নিশ্চিত করে এমন আচরণ।

কর্মচারীদের দায়িত্ব এবং কর্তব্য

একটি নির্মাণ প্রকল্প আকারের উপর নির্ভর করে, বিভিন্ন দায়িত্ব ও কর্তব্যের সাথে বিভিন্ন স্তরে জড়িত ব্যক্তিদের সংখ্যা কত হবে। এই চিত্রটি একটি নির্মাণ সাইটে সাংগঠনিক কাঠামোর একটি উদাহরণ দেখায়।



প্রকল্প পরিচালকদের সঠিক ভূমিকা এবং দায়িত্ব, ফোরম্যান এবং সাব-কনট্রাক একটি বিল্ডিং প্রতিষ্ঠান থেকে অন্যের মধ্যে পরিবর্তিত হয়, নিম্নলিখিত একটি ওয়ার্ক সাইটে সম্পাদিত সাধারন কাজের উদাহরণ

সাইট বা প্রজেক্ট ম্যানেজার

সাইটের সামগ্রিক নিয়ন্ত্রণ সহ :

- সাইটে কাজ ক্রম পরিকল্পনা
- কাজ শুরু সময়সূচি
- সমস্যা সমাধান করার জন্য স্থপতি, প্রকৌশলী এবং উপ-কন্ট্রাক্টরদের সাথে সাক্ষাৎ
- কোম্পানির ব্যবস্থাপনা বা ক্লায়েন্টকে নিয়মিত রিপোর্ট

ফোরম্যান বা সুপারভাইজার

সাইটে প্রতিদিন চলমান কাজের পাশাপাশি:

- উপকরণ এবং প্লান্ট পাওয়া নিশ্চিত করা
- প্রোডাকশন সেটিং অর্জন করা
- স্পেসিফিকেসন এবং পরিকল্পনা অনুযায়ী গুনগত মানের মাপকাঠি ঠিক করা
- সাইটে নিরাপদ কাজ অবস্থার নিয়ন্ত্রণ এবং তত্ত্বাবধান করা
- সাইট / প্রকল্প ম্যানেজারকে নিয়মিত রিপোর্ট করা

সাব-কন্ট্রাকটর

দৈনিক কর্মক্ষেত্রে অর্জন করা হয়েছে কিনা তা দেখা সহ:

- নিরাপদে টাস্ক সম্পূর্ণ করার জন্য যথেষ্ট দক্ষ কর্মী বরাদ্দ
- দক্ষ কর্মীর জন্য উপকরণ এবং প্লান্ট নিশ্চিতকরণ
- অন্যান্য সাব-কন্ট্রাকটারের সঙ্গে সহযোগিতা
- কর্মীর কাজের মান তত্ত্বাবধান
- সাব-কন্ট্রাকটারের উপস্থিতি

দক্ষ কম

সাধারণ কাজ সম্পাদন করা সহ:

- সময়ের মধ্যে কাজ সমাপ্ত
- নির্দেশাবলী অনুযায়ী কাজের মান ঠিক রাখা
- নিরাপদ পদ্ধতিতে কাজ করা
- উপকরণের পূন-ব্যবহার নিশ্চিত করা
- অন্যের কাজের যত্ন নেওয়া

কর্ম নিরাপত্তা

আপনি ইতিমধ্যে ইউনিট CPCCOHS2001A সম্পূর্ণ (অথবা বর্তমানে নথিভুক্ত) সম্পন্ন করতে হবে, নির্মাণ শিল্পে ওএইচএস প্রয়োজনীয়তা, নীতি এবং পদ্ধতি প্রয়োগ করুন, যা বিস্তারিত ভাবে নিরাপদে কাজ করে। আমরা এখানে সংক্ষিপ্তভাবে ব্যাক্ষ্যা করা হবে।

ওয়ার্ক হেলথ এন্ড সিকিউরিটি (ডাবলিওএইচএস) একটি আইনি প্রয়োজন যা ফেডারেল, রাজ্য এবং অঞ্চল সরকারের দ্বারা গঠিত আইন (আইন) দ্বারা প্রণিত।

নিয়োগকর্তারা একটি নিরাপদ এবং সুস্থ কাজের পরিবেশ সরবরাহ করতে এবং আপনাকে অবশ্যই নিরাপদ কাজের পদ্ধতিগুলি সম্পর্কে সচেতন থাকতে হবে এবং একটি কর্মক্ষেত্রে আপনার ভূমিকাতে তাদের ব্যবহার করতে হবে।

আপনার কিছু দায়িত্ব হল:

- WHS নীতি এবং পদ্ধতি অনুসরণ করা এবং সাইট সুরক্ষা পরিকল্পনাগুলি মেনে চলা।
- আপনার নিয়োগকর্তার সরবরাহকৃত ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করা।
- নিরাপদে প্লান্ট এবং সরঞ্জাম দায়িত্বেও সাথে ব্যবহার করা।
- আপনার কর্মক্ষেত্রের জন্য জরূরী পদ্ধতি জানা এবং কিভাবে নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার করা হয় তা জানা।
- আপনার নিয়োগকর্তার কাছে ঘটনার এবং সম্ভাব্য বিপদ রির্পোট করা।
- কর্মক্ষেত্র পরিষ্কার এবং পরিচ্ছন্ন এর জন্য অবদান রাখা।

অস্ট্রেলিয়ান WHS বিষয়ক প্রচারের ক্ষেত্রে নিয়োগকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণকে উৎসাহিত করে। উভয় পক্ষকে স্বাস্থ্য এবং নিরাপত্তার ঝুঁকি সম্পর্কিত তথ্য বিনিময় করার জন্য উৎসাহিত করা এবং কোনও ঝুঁকিগুলি কমিয়ে আনতে পদক্ষেপ গ্রহণ করা।

সেলফ চেক ৩.১

প্রশ্ন ১: সাইটের সামগ্রিক নিয়ন্ত্রণ সুষ্ঠভাবে পরিচালনার জন্য কি কি পদক্ষেপ গ্রহন করা হয়?

প্রশ্ন ২: সাইটে প্রতিদিন চলমান কাজের পাশাপাশি আর কি কি করতে হয়?

প্রশ্ন ৩: সাইটে সাধারণ কি কি কাজ সম্পাদন করা হয় ?

উত্তরপত্র ৩.১

উত্তর ১: একটি সাইটের সামগ্রিক নিয়ন্ত্রণ সুষ্ঠভাবে পরিচালনার জন্য নিম্ন লিখিত পদক্ষেপ সমূহ গ্রহন করা হয়

সাইটে কাজ ক্রম পরিকল্পনা
কাজ শুরু সময়সূচি
সমস্যা সমাধান করার জন্য স্থপতি, প্রকৌশলী এবং উপ-কন্ট্রাক্টরদের সাথে সাক্ষাৎ কোম্পানির ব্যবস্থাপনা বা ক্লায়েন্টকে নিয়মিত রিপোর্ট

উত্তর ২: সাইটে প্রতিদিন চলমান কাজের পাশাপাশি নিম্ন লিখিত কাজগুলো করা হয়

উপকরণ এবং প্লান্ট পাওয়া নিশ্চিত করা
প্রোডাকশন সেটিং অর্জন করা
স্পেসিফিকেসন এবং পরিকল্পনা অনুযায়ী গুনগত মানের মাপকাঠি ঠিক করা
সাইটে নিরাপদ কাজ অবস্থার নিয়ন্ত্রণ এবং তত্ত্বাবধান করা
সাইট / প্রকল্প ম্যানেজারকে নিয়মিত রিপোর্ট করা

উত্তর ৩: সাইটে নিম্ন লিখিত সাধারন কাজগুলো করা হয়

সময়ের মধ্যে কাজ সমাপ্ত
নির্দেশাবলী অনুযায়ী কাজের মান ঠিক রাখা
নিরাপদ পদ্ধতিতে কাজ করা
উপকরণের পূন-ব্যবহার নিশ্চিত করা
অন্যের কাজের যত্ন নেওয়া

কার্যক্রম শীট ৩.১

কার্যক্রমের নাম: কর্মচারীদের দায়িত্ব এবং কর্তব্য বন্টন
নির্মাণ সাইটে একটি বিল্ডিং যথাসময়ে শুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষে বিভিন্ন পর্যায়ে লোকবল নিয়োগ করা হয়। যাদের দায়িত্ব ও কর্তব্য ভিন্ন ভিন্ন, সেক্ষেত্রে কে কার অধিনে কাজ করবে তার একটি রুপরেখা প্রণয়ন করুন
কে কার অধীনে কাজ করবে

শিখনফল ৪: নিজের কাজকে সুশৃঙ্খল করা

বিষয়বস্তু:

১. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের ব্যবহার
২. হ্যান্ড টুলস ব্যবহার করার পদ্ধতি

মূল্যায়নের মানদন্ডঃ

১. নিজের কাজগুলোর পরিকল্পনা করা এবং কাজের অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট সহকর্মীদের সাথে যোগাযোগ রক্ষা করা
২. কাজগুলো সম্পূর্ন করা
৩. অসুবিধা/প্রতিবন্ধকতা চিহ্নিত করা এবং সমাধানের জন্য এগিয়ে আসতে পারা
৪. নিজের কাজের মান কর্মক্ষেত্রের মানদন্ডের সাথে তুলনা করা, কাজের কোথায় উন্নতি করা যায় এবং সে অনুযায়ী কাজ করা

শিখন উপকরণ ঃ

১. রেফারেন্স বই
২. সিবিএলএম
৩. মডিউল বা রেফারেন্স

ইনফরমেশন শীট ৪.১: নিজের কাজকে সুশৃঙ্খল করা

শিখনের উদ্দেশ্যসমূহ: এই ইনফরমেশন শীটটি নিজের কাজকে সুশৃঙ্খল করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও মনোভাব অর্জন করতে পারবেন।

ভূমিকা:

একবার আপনি নির্মাণ শিল্পে আপনার কর্মজীবন শুরু করার পরে, আপনি কার্যকরীভাবে এবং কার্যকরী কাজগুলি চালিয়ে যাবেন তা নিশ্চিত করতে হবে।

এই সেশনে আপনি এই সম্পর্কে তথ্য পাবেন:

- আপনার কাজের কাজ পরিকল্পনা এবং অগ্রাধিকার
- নির্দেশাবলী এবং কাজের পরিকল্পনা
- পরিবর্তন এবং অপ্রত্যাশিত সমস্যা মোকাবেলা
- প্রয়োজনে সমর্থন পাওয়া

কর্ম পরিকল্পনা

আপনি একটি নতুন কার্যকলাপ শুরু করার আগে পরিকল্পনা কাজ অপরিহার্য কারণ এটি কী করতে হবে তা নিয়ে কাজ করতে আপনাকে সহায়তা করে, কিভাবে আপনি এটি করতে যাচ্ছেন এবং আপনার কি কি প্রয়োজন হবে। পরিকল্পনা এছাড়াও আপনি কাদের জড়িত করতে চান তা সনাক্ত করতে দেয় এবং কিভাবে আপনার কার্যক্রম দ্বারা অন্যরা প্রভাবিত হবে।

একটি নির্মাণ প্রকল্পের নির্মাতা বা প্রকল্প পরিচালক সব কাজ কর্ম পরিকল্পনা করতে হবে এবং সর্বোত্তম প্রতিটি কর্মীর নির্বাচন করতে অবদান বিবেচনা করা এবং নিরাপদ উপায় সময় মধ্যে প্রকল্প সম্পূর্ণ, বাজেটের এবং প্রয়োজনীয় মান অনুযায়ী।

নির্মাণ শিল্পের কর্মী সুপারভাইজারের পরিকল্পনা অনুযায়ী কাজটি সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় উপকরণ, উপকরণ, সরঞ্জাম এবং সংগঠিত করতে এবং টাস্ক সম্পন্ন করার জন্য দলের সাথে অন্যদের সাথে যোগাযোগ করার প্রয়োজনীয় পদক্ষেপগুলি নির্ধারণ করতে পারে।

.



মনে করুন টাইলিং মিস্ত্রিরা টাইলস বসানোর মালামালের ঘাটতি হয়েছে। এমাবস্থায় একজন কর্মীকে সাইট সুপাভাইসার হার্ডওয়্যার এর দোকান থেকে মালামাল নিয়ে আসার জন্য পাঠাল। এই অবস্থায় টাইলস মিস্ত্রিদের গ্রুপটিকে মালামাল নিয়ে না আসা পর্যাল্প কাজ বন্ধ রাখতে হবে। তাই যখন যাকে মালামাল আনার জন্য পাঠাবে তখন কোন প্রকারের ভূল করা যাবে না।
নিম্নলিখিত প্রশ্ন সম্পর্কে চিন্তা করুন-

- কি উপকরণগুলি দরকার তা সে কীভাবে জানতে পারে?
- কিভাবে তিনি হার্ডওয়্যার দোকান পেতে হবে?
- তিনি উপকরণের জন্য টাকা দিতে হবে?
- তিনি সাইটে ফিরে গিয়ে কী করবে?

অগ্রাধিকার

অগ্রাধিকার হচ্ছে ক্রম সিদ্ধান্ত যা গুরুত্বপূর্ন তা সনাক্ত করে কোন কাজ করতে হবে বা জরুরী এবং স্থগিত করা যাবে কি না। নির্মাণ কাজগুলির অগ্রাধিকার এটি কীভাবে প্রভাবিত হয় তার উপর নির্ভর করবে:

- আপনার টাস্ক সম্পূর্ণ করার ক্ষমতা
- অন্যদের কাজ সম্পন্ন ক্ষমতা
- যখন অন্যান্য কর্মীদের সাইটে প্রয়োজন হবে
- সামগ্রিক প্রকল্প পরিকল্পনা
- সাইট নিরাপত্তা।

কিছু কাজ যেমন, ফোন এবং মিটিং, জরুরী হতে পারে কারন তারা আপনার তাৎক্ষণিক মনোযোগ আর্কষন করতে চায় কিন্তুভাল পরিকল্পনা অংশ এবং কার্যকরীভাবে কি কাজ গুরুত্বপূর্ণ তা চিহ্নিত করা হয় অগ্রাধিকার পরিবর্তন হিসাবে একটি প্রকল্প অগ্রগতি বা কিছু অপ্রত্যাশিত ঘটনা। উদাহরণস্বরূপ, যদি ক্যাথরিন এবং জেরেমিকে বলা হয় যে বিদ্যুৎকেন্দ্রটি আসছে এবং যত তাড়াতাড়ি সম্ভব সাইটটি সাফ করা উচিত, ঘর পরিষ্কার করা এবং সরঞ্জামগুলি প্যাকিং করা সর্বোচ্চ অগ্রাধিকার হয়ে উঠবে।

আগামীকাল আবাসিক বাসার ভিতরে কাঠের স্ক্রটিং স্থাপন করবে এবং দিনের জন্য কাজের একটি তালিকা দিয়েছে

দিয়েছে।জেরেমিকে দিনের জন্য চাকরির একটি তালিকা দিয়েছে।

বাম পাশের কলামে ১-১০ নম্বর করে কাজগুলি সর্বোচ্চ থেকে সর্বনিম্ন অগ্রাধিকারের তালিকাটি সংগঠিত করুন

	স্কাটিং বোর্ড দৈঘ্যে ৫ মিটার কাটা
	বার্ষিক ছুটির জন্য অনুরোধ রাখা
	তিনটি লিকুউড নীল কিনা
	টুলস্ এবং সরঞ্জাম গোছানো
	পরিস্কার করা এবং অপ্রয়োজনীয় জিনিস ফেলে দেওয়া
	পিপিই পরিধাণ করা

		দুপুরের খাবার কিনতে পারা
		ক্যাথরিন আসার আগে কাজ ট্রাকটি সাইটে আছে তা নিশ্চিত করা
		মাপ নেওয়া
		হারানো স্ক্রু-ড্রাইভার খোঁজা

একটি প্রকল্প অগ্রগতি হিসাবে অগ্রাধিকার পরিবর্তন করতে পারেন বা যখন অপ্রত্যাশিত কিছু ঘটে। যেমন, যদি ক্যাথরিন এবং জেরেমিকে বলে যে বিদ্যুৎকেন্দ্রটি আসছে এবং যত তাড়াতাড়ি সম্ভব সাইটটি সাফ করতে হবে, ঘর পরিষ্কার এবং সব টুলস্ এবং সরঞ্জাম প্যাকিং সর্বোচ্চ অগ্রাধিকার হয়ে ওঠে।

শিডিউল এবং সময়সীমা

সময়সূচীগুলি যখন শুরু হয় এবং শেষ হয় এবং কিছু নির্দিষ্ট ক্রিয়াকলাপের সময় নির্দেশ করে একটি সময়রেখা সহ ক্রিয়াকলাপগুলির সংগঠিত ক্রম অথবা ঘটনা (উপকরণ সরবরাহের মত) ঘটতে পারে। সূচি নির্মাণ প্রকল্প অপরিহার্য কারণ বিভিন্ন কাজগুলিতে জড়িত অনেকগুলি কর্মী যাতে অর্ডার এবং একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন করা আবশ্যক



একটি নির্দিষ্ট সময়সীমা সর্বশেষ সম্ভাব্য সময় যার মাধ্যমে একটি টাস্ক বা প্রকল্প সম্পন্ন করা আবশ্যক।
তারা অনুমতি দেওয়া জায়গায় স্থাপন করা:

- শুরু অন্যান্য কাজ
- প্রয়োজন যখন উপকরণ এবং সরঞ্জাম বিতরণ করা
- মুজুরী প্রদান সম্পন্ন করা
- ক্লায়েন্টদের প্রকল্প হস্তান্তর সম্পন্ন করা

কর্মীদের জন্য, এক কাজ সম্পন্ন করতে এবং পরবর্তীতে যাওয়ার জন্য নির্দিষ্ট সময়সীমা নির্ধারণ করতে হবে, বিল্ডার, সুপারভাইজার বা ক্লায়েন্ট দ্বারা সেট টাইমলাইন হোল্ডিং বা হ্রাস না করা।

সেলফ চেক ৪.১

প্রশ্ন ১: অগ্রাধিকার কাকে বলে?

প্রশ্ন ১: কাজের অগ্রাধিকার নির্ধারনের জন্য কি কি বিষয় গুরুত্বপূর্ন?

প্রশ্ন ১: শিডিউল এবং সময়সীমা কি?

উত্তরপত্র ৪.১

উত্তর ১: অগ্রাধিকার হচ্ছে ক্রম সিদ্ধান্ত যা গুরুত্বপূর্ন তা সনাক্ত করে কোন কাজ করতে হবে বা জরুরী এবং স্থগিত করা যাবে কি না তা নির্ধারণ করতে পারাকে অগ্রাধিকার বলে।

উত্তর ২: কাজের অগ্রাধিকার নির্ধারনের জন্য গুরুত্বপূর্ন বিষয়গুলো হলো

আপনার টাস্ক সম্পূর্ণ করার ক্ষমতা
অন্যদের কাজ সম্পন্ন ক্ষমতা
যখন অন্যান্য কর্মীদের সাইটে প্রয়োজন হবে
সামগ্রিক প্রকল্প পরিকল্পনা
সাইট নিরাপত্তা।

উত্তর ৩: সময়সূচীগুলি যখন শুরু হয় এবং শেষ হয় এবং কিছু নির্দিষ্ট ক্রিয়াকলাপের সময় নির্দেশ করে একটি সময়রেখা সহ ক্রিয়াকলাপগুলির সংগঠিত ক্রম অথবা ঘটনা (উপকরণ সরবরাহের মত) ঘটতে পারে। সূচি নির্মাণ প্রকল্প অপরিহার্য কারণ বিভিন্ন কাজগুলিতে জড়িত অনেকগুলি কর্মী যাতে অর্ডার এবং একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন করা আবশ্যক।

কার্যক্রম শীট ৪.১

কার্যক্রমের নাম: কাজের পদ্ধতি তৈরি করা
মনে করুন টাইলিং মিস্ত্রিরা টাইলস বসানোর মালামালের ঘাটতি হয়েছে। এমাবস্থায় একজন কর্মীকে সাইট সুপাভাইসার হার্ডওয়্যার এর দোকান থেকে মালামাল নিয়ে আসার জন্য পাঠাল। এই অবস্থায় টাইলস মিস্ত্রিদের গ্রুপটিকে মালামাল নিয়ে না আসা পর্যাল্প কাজ বন্ধ রাখতে হবে। তাই যখন যাকে মালামাল আনার জন্য পাঠাবে তখন কোন প্রকারের ভূল করা যাবে না। নিম্নলিখিত প্রশ্ন সম্পর্কে চিন্তা করুন- ▪ কি উপকরণগুলি দরকার তা সে কীভাবে জানতে পারে? ▪ কিভাবে তিনি হার্ডওয়্যার দোকান খুজে পাবেন? ▪ তিনি উপকরণের জন্য টাকা কার নিকট হতে নিতে হবে? ▪ তিনি সাইটে ফিরে গিয়ে কী করবেন? উপরের সমস্যা এবং প্রশ্নগুলো বিবেচনা করে এই কাজটি সম্পন্ন করার জন্য ক্রমানুসারে একটি পদ্ধতি লিপিবদ্ধ করুন

ক্রমিক নং	ধাপ

সক্ষমতাসমূহের পুনরালোচনা

কনস্ট্রাকশন সেক্টরে কাজ করার জন্য মূল্যায়নের মানদন্ডের তালিকা দেওয়া হলো-

কার্যসম্পাদন মানদন্ড		হ্যাঁ	না
১.	বাংলাদেশের নির্মাণ খাতের প্রোফাইল ব্যাক্ষ্যা করা	☐	☐
২.	নির্মাণ শিল্পে কাজের সুযোগ, প্রকৃতি এবং কাজের প্রধান ক্ষেত্র চিহ্নিত করা	☐	☐
৩.	নির্মাণ শিল্পে পেশা বা ট্রেড এর নাম চিহ্নিত করা	☐	☐
৪.	নির্মাণ শিল্পের গতি প্রকৃতি এবং অত্যাধুনিক প্রযুক্তিগুলো ব্যাখ্যা করা	☐	☐
৫.	বাংলাদেশের নির্মাণ খাতের সাথে কর্মসংস্থানের শর্ত চিহ্নিত করা	☐	☐
৬.	নির্মাণ খাতের সাথে সম্পর্কিত নীতিমালা ও নির্দেশিকা চিহ্নিত এবং ব্যাখ্যা করা	☐	☐
৭.	নির্মাণ প্রক্রিয়া চিহ্নিত, বর্ণনা এবং ব্যাখ্যা করা	☐	☐
৮.	কার্য প্রক্রিয়া সঠিকভাবে চিহ্নিত করা	☐	☐
৯.	কাজের বিকল্প পদ্ধতিগুলো ব্যাখ্যা করা	☐	☐
১০.	কর্মক্ষেত্রের চাহিদাগুলো/প্রয়োজনীয়তা চিহ্নিত এবং ব্যাখ্যা করা	☐	☐
১১.	প্রত্যেক কর্মীর উপর অর্পিত দায়িত্ব এবং কর্তব্য ব্যাখ্যা করা	☐	☐
১২.	কর্মক্ষেত্রের রীতিনীতি চিহ্নিত করা	☐	☐
১৩.	প্রতিবন্ধকতা, অসঙ্গতি এবং অন্যান্য উদ্বেগগুলোর সমাধানে সমস্যা সমাধানের কৌশলগুলো ব্যবহার করা	☐	☐
১৪.	নিজের কাজগুলোর পরিকল্পনা করা এবং কাজের অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট সহকর্মীদের সাথে যোগাযোগ রক্ষা করা	☐	☐
১৫.	কাজগুলো সম্পূর্ন করা	☐	☐
১৬.	অসুবিধা/প্রতিবন্ধকতা চিহ্নিত করা এবং সমাধানের জন্য এগিয়ে আসতে পারা	☐	☐
১৭.	নিজের কাজের মান কর্মক্ষেত্রের মানদন্ডের সাথে তুলনা করা, কাজের কোথায় উন্নতি করা যায় এবং সে অনুযায়ী কাজ করা	☐	☐

এখন আমি আনুষ্ঠানিক যোগ্যতার মূল্যায়নে নিজেকে প্রস্তুত মনে করছি।

স্বাক্ষরঃ **তারিখঃ**

অকুপেশন স্পেসিফিক কম্পিটেন্সি

ইউনিট টাইটেল ১ঃ গ্রিল মেকিং এর জন্য মৌলিক কাজ করা

মডিউলের বর্ণনাঃ এই ইউনিটে গ্রিল মেকিং কাজের জন্য বিভিন্ন ধরনের মালামাল চিহ্নিত করা, গ্রিল মেকিং কাজের জন্য ওয়ার্কিং ড্রয়িং ব্যাখ্যা করতে পারা, গ্রিল মেকিং কাজের জন্য মৌলিক পরিমাপ এবং হিসাব করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ নিয়ে আলোকপাত করা হয়েছে।

নূন্যতম সময়কাল ঃ ৫০ ঘন্টা

শিখনফল:
এই মডিউল হতে শিক্ষার্থীরা নিমোক্ত শিখনফল জানতে পারবেন।

১. গ্রিল মেকিং কাজের জন্য বিভিন্ন ধরনের মালামাল চিহ্নিত করা।
২. গ্রিল মেকিং কাজের জন্য ওয়ার্কিং ড্রয়িং ব্যাখ্যা করা।
৩. গ্রিল মেকিং কাজের জন্য মৌলিক পরিমাপ এবং হিসাব করা।

মূল্যায়নের মানদন্ড ঃ

১. কাজের ধরণ অনুযায়ী উপকরণ সমূহ নির্বাচন করতে পারা।
২. কাজের ধরণ অনুযায়ী মেটাল বা ধাতু সমূহ নির্বাচন করতে পারা।
৩. কাজের ধরণ অনুযায়ী মেটালের বিভিন্ন ফর্ম চিহ্নিত করতে পারা।
৪. প্রয়োজন অনুযায়ী প্রাসঙ্গিক ড্রয়িং সঠিকভাবে চিহ্নিত করতে পারা।
৫. প্রাসঙ্গিক ড্রয়িং থেকে সকল স্পেসিফিকেসন ব্যাখ্যা করতে পারা।
৬. ড্রয়িংয়ে উল্লেখিত শর্তাবলী এবং শব্দ সংক্ষেপগুলো ব্যাখ্যা করতে পারা।
৭. ড্রয়িংয়ে উল্লেখিত চিহ্ন এবং প্রতীকসমূহ সনাক্ত করতে পারা।
৮. কর্মক্ষেত্রের প্রয়োজন অনুসারে নির্ধারিত পরিমাপের ইউনিট বা একক ব্যবহার করতে পারা।
৯. প্রয়োজন অনুসারে উপযুক্ত পরিমাপক বা পরিমাপের যন্ত্র নির্বাচন করতে পারা।
১০. উপযুক্ত পরিমাপের যন্ত্র ব্যবহার করে মাপ নিতে পারা।
১১. সংশ্লিষ্ট ড্রয়িং অনুযায়ী কি মালামাল প্রয়োজন তা হিসেব করতে পারা।

শিখনফল ১: গ্রিল মেকিং কাজের জন্য মালামাল চিহ্নিত করা

বিষয়বস্তুঃ

১. গ্রিল মেকিং কাজে ব্যবহৃত মালামাল।
২. ধাতু (metal) এর সংঙ্গা।
৩. ধাতুর প্রকারভেদ।
৪. ফেরাস মেটাল এবং নন ফেরাস মেটাল এর বর্ণনা।
৫. নন ফেরাস মেটালের ব্যবহার।
৬. ফেরাস মেটালের ব্যবহার।
৭. ফেরাস মেটালের নাম।
৮. নন ফেরাস মেটালের নাম।
৯. গ্রিলে ব্যাবহৃত বিভিন্ন প্রকার প্রকার বারের নাম।

মূল্যায়নের মানদন্ডঃ

১. কাজের ধরণ অনুযায়ী উপকরণ সমূহ নির্বাচন করতে পারা।
২. কাজের ধরণ অনুযায়ী মেটাল সমূহ নির্বাচন করতে পারা।
৩. কাজের ধরণ অনুযায়ী মেটালের বিভিন্ন ফর্ম চিহ্নিত করতে পারা।

শিখন উপকরণ ঃ

১. রেফারেন্স বই
২. সিবিএলএম
৩. মডিউল বা রেফারেন্স

শিখন কার্যক্রম ১

শিখন ফল ১ ঃ গ্রিল মেকিং কাজের জন্য মালামাল চিহ্নিত করা

শিখন কার্যক্রম	বিশেষ নির্দেশনা
শিখন কার্যক্রম ১.১: বিভিন্ন ধরণের মেটাল শনাক্ত করা	▪ **ইনফরমেশন শীট ১.১** পড়ুন ▪ **সেলফ চেক ১.১** সম্পন্ন করুন ▪ **উত্তরপত্র ১.১** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন ▪ **কার্যক্রম শীট ১.১** অনুসারে কাজ করুন
শিখন কার্যক্রম ১.২: মালামাল শনাক্ত করা	▪ **ইনফরমেশন শীট ১.২** পড়ুন ▪ **সেলফ চেক ১.২** সম্পন্ন করুন ▪ **উত্তরপত্র ১.২** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন ▪ **কার্যক্রম শীট ১.২** অনুসারে কাজ করুন

ইনফরমেশন শীট ১.১: গ্রিল তৈরী করার জন্য বিভিন্ন প্রকার মেটাল শনাক্ত করা

শিখনের উদ্দেশ্যসমূহ: এই ইনফরমেশন শীট সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা গ্রিল তৈরী করার জন্য বিভিন্ন প্রকার মেটাল শনাক্ত করতে পারবেন।

একজন গ্রিল মেকার এর জন্য বিভিন্ন ধরণের মেটাল শনাক্ত করা এবং তাদের বৈশিষ্ট্য বুঝতে পারা অত্যন্ত আবশ্যক। প্রত্যেকটি মেটাল দৃঢ়তায়, মিশ্রণের এবং গলনাঙ্কের কারণে ব্যাপকভাবে ভিন্ন হয়। দুটি মেটালকে শুধুমাত্র ক্লিপ অথবা ক্ল্যাম্প দিয়ে জোড়া দেওয়া যায় না। তাদেরকে তাপ দিয়ে গলিয়ে একত্রে জোড়া দিতে হয়। নিচে মেটালের ইতিহাস ও বৈশিষ্ট্য মেটালগুলো সম্পর্কে ভাল ধারণা দিতে পারবে।

ধাতু: যাহার ওজন আছে, আয়তন আছে জায়গা দখল করে, বল প্রয়োগে বাধা সৃষ্টি করে, আঘাত করিলে ঝনঝন শব্দ করে, বিদ্যুৎ ও তাপ পরিবাহী, সাধারণ তাপ মাত্রায় গলে না, সাধারণত কঠিন অবস্থায় থাকে তাহাকে ধাতু বলে। যেমন ঃ লোহা, তামা, এ্যালুমিনিয়াম, পারদ, স্বর্ণ, রৌপ্য, দস্তা ইত্যাদি।
এখানে পারদকে ধাতু বল াহয়েছে কিন্তু পারদকে আঘাত করিলে শব্দ করে না। পারদ বিদ্যুৎ পরিবাহি তাই পারদকে ধাতু বলা হয়।

ধাতুর ধরণ: ধাতুকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়:

১. ফেরাস মেটাল (লৌহ জাত *ধাতু)*
২. নন-ফেরাস মেটাল (অ-লৌহজাত ধাতু)

ফেরাস মেটাল (লৌহ জাত ধাতু) নাম ও ব্যবহার

ফেরাস মেটালের নাম	আয়রন, ইস্পাত বা স্টীল,কার্বন স্টিল, মাইল্ড স্টীল, মিশ্র ইস্পাত বা এলয় স্টীল, পিগ আয়রন, রট আয়রন, কাস্ট আয়রন, ইত্যাদি।
ফেরাস মেটালের ব্যবহার	প্রকৌশল বা ইঞ্জিনিয়ারিং সকল ক্ষেত্রে লৌহজাত ধাতু ব্যবহৃত হয়। যেমন ঘরবাড়ি তৈরীতে, কন্সট্রাকশন কাজে, বিভিন্ন পক্কার ওয়ার্কশপে যেমন গ্রীল, জানালা, দরজা এবং বিভিন্ন কারখানার কাঠামো তৈরীতে ফেরাস মেটাল ব্যবহার করা হয়। এছাড়াও বিমান তৈরীর কারখানা, বাস-ট্রাক তৈরির কারখানা ও বাড়ির বিভিন্ন আসবাবপত্র তৈরিতে ফেরাস মেটাল ব্যবহার করা হয়। অর্থ্যাৎ ফেরাস মেটাল ছাড়া কোন কিছু তৈরী করার চিন্তায় করা যায় না।

ফেরাস মেটাল (লৌহ জাত ধাতু) নম ও ব্যবহার

আয়রন: আয়রন অনেক পূর্বে থেকে নির্মাণ শিল্পে ব্যবহৃত হয়ে আসছে। পৃথিবীতে আয়রন সম্ভবত অ্যালুমিনিয়াম এর পর সবথেকে বেশি ব্যবহৃত মেটাল। আয়রন খনিতে অন্যান্য মেটাল এবং খনিজ পদার্থের সাথে মিশ্রিত থাকে। আয়রনকে খনি থেকে আহরন করে পরিশোধন করে ব্যবহার উপযোগী করা হয়। এটি ব্রিজ এর অংশ এবং কস্টিং কাজে ব্যবহৃত হয়। আয়রন এর বিভিন্ন ধরণ থকে যেমন রট আয়িরন, কাস্ট আয়রন, পিগ আয়রন ইত্যাদি	
গ্যালভানাইজ্ড আয়রন: গ্যালভানাইজড অথবা গ্যালভানাইজিং একটি পদ্ধতি যাতে স্টিল অথবা আয়রন এর উপর জিঙ্ক এর আবরণ দিয়ে মরিচার হতে রক্ষা করে। সাধারণত আয়রন বা স্টিলকে গরম জিঙ্ক এর মধ্যে ডুবানো হয়। এই জিঙ্ক এর আবরণ ক্ষয়কারী পদার্থকে সহজে স্টিল অথবা আয়রন এর সারফেস পর্যন্ত যেতে পারে না, এর আগেই জিঙ্ক ক্ষয় হয়।	

কাষ্ট আয়রণ: কাস্ট আয়রন হচ্ছে আয়রন-কার্বন গ্রুপের এলয় যাতে কার্বন এর পরিমাণ ২% এর বেশি থাকে। সাধারণত এতে ১.৮-৪% কার্বন এবং সিলিকন ১-৩% থাকে। কাস্ট অয়রন অল্প তাপে গলে যায় তাই একে সহজেই বিভিন্ন আকৃতিতে পরিবর্তন করা যায়। কাস্ট আয়রন পাইপ, মেশিন এবং অটোমোবাইল এর পার্টস যেমন সিলিন্ডার এর মাথা, সিলিন্ডার ব্লকস এবং গিয়াবক্স এর কেস তৈরি যায়। এটি মরিচা প্রতিরোধী।	
স্টীল: স্টিল হচ্ছে আয়রন এর এক ধরণের এলয় যার সাথে অল্প পরিমাণে কার্বন মিশ্রিত থাকে। স্টিলে কার্বনের পরিমাণ ২% এর বেশি হয় না। স্টিল বিভিন্ন ধরণের হয়ে থাকে এবং গ্রিল মেকিং কাজে বহুলভাবে ব্যবহৃত হয়। কার্বন এর পরিমাণ এবং অন্যান্য উপাদানের উপর নির্ভর করে ভিন্ন ভিন্ন ধরণের স্টিল তৈরি করা যায়। অল্প কার্বনযুক্ত স্টিল নরম হয় এবং হালকা যন্ত্রপাতি দিয়ে কাজ করা যায় অন্যদিকে অধিক কার্বনযুক্ত স্টিল অনেক দৃঢ় হয়।	
কার্বন স্টীল: কার্বন স্টিল এক ধরণের স্টিল যাতে ওজনের ২.১% পর্যন্ত কার্বন থাকে। কার্বন এর উপস্থিতির উপর নির্ভর করে কার্বন স্টিল কয়েক ধরণের হয় যেমন- লো-কার্বন স্টিল, মিডিয়াম কার্বন স্টিল, হাই কার্বন স্টিল এবং আল্ট্রা-হাই কার্বন স্টিল। কার্বন স্টিল মিলিং মেশিন, কাটিং টুলস যেমন চিজেল এবং হাই স্ট্রেন্থ ওয়্যার তৈরি করা হয়। কার্বন এর পরিমাণ বাড়ার সাথে সাথে এই স্টিল দৃঢ় হয় কিন্তু এতে ওয়েল্ডিং করার ক্ষমতা কমে যায়।	
মাইল্ড স্টীল: মাইল্ড স্টিল এক ধরণে কার্বন স্টিল যাতে খুব কম পরিমাণে কার্বন থাকে। এটি সাধারণত লো-কার্বন স্টিল নামে পরিচিত। মাইল্ড স্টিলে সাধারণত ০.০৫-০.২৫% কার্বন থাকে। যদি এতে আরো কার্বন যোগ করা হয় তখন এটিকে কাস্ট আয়রন বলে। কম কার্বন থাকায় এটি ডাক্টাইল এবং ওয়েল্ডিংযোগ্য। মাইল্ড স্টিল বিভিন্ন কাজে ব্যবহৃত হয় যেমন স্ট্রকচারাল কাজে, অটোমোবাইল ইন্ডাস্ট্রিতে, ফার্নিচার শিল্পে, ডেকোরেশন, তার তৈরিতে, ফেন্সিং এবং লোহা ইত্যাদি তৈরিতে।	
স্টেইনলেস স্টিল: স্টেইনলেস স্টিল আয়রন এর একটি এলয় যাতে কমপক্ষে ১০.৫% ক্রোমিয়াম থাকে। এই ক্রোমিয়াম বাইরের দিকে একটি আবরণ দিয়ে রাখে যা স্টিলকে ক্ষয় হতে রক্ষা করবে। স্টেইনলেস স্টিলকে সহজেই শীট, প্লেট, বার, ওয়্যার এবং টিউবে রুপান্তর করা যায় বলে এটি সার্জিক্যাল যন্ত্রপাতি, কনস্ট্রাকশন কাজে, বিভিন্ন ইন্ডাস্ট্রিতে এবং অন্যান্য কাজে ব্যবহার হয়।	

নন-ফেরাস মেটাল (লৌহ জাত ধাতু) নাম ও ব্যবহার	
নন-ফেরাস মেটাল	নন ফেরাস মেটাল: যে ধাতুর মধ্যে লোহা থাকে না তাহাকে নন-ফেরাস মেটাল বলে। যেমন ঃ কপার (তামা), এ্যালুমিনিয়াম,টিন, লীড (সীসা),জিঙ্ক (দস্তা),নিকেল,মলিব ডেনাম, ভ্যানাডিয়াম, ট্যাংস্টেন,ক্রোমিয়াম,ম্যাংগানিজ,রৌপ্য, স্বর্ণ ইত্যাদি।

নন-ফেরাস মেটালের (লৌহ জাত ধাতু) ব্যবহার	
অ্যালুমিনিয়াম অ্যালুমিনিয়াম একটি নন-ফেরাস আয়রন যা সাধারনত ০.২ মিমি থেকে ৬ মিমি পুরু হয়ে থাকে। বাসনপত্র, ইলেকট্রিক তার, মোটর গাড়ীর ইঞ্জিনের বিভিন্ন অংশ, এরোপ্লেন, বাস, মোটর গাড়ীর বডি ইত্যাদিতে ব্যবহার করা হয়।	
ব্রাস (পিতল): পিতল এক প্রকারের সংকর ধাতু যা দস্তা ও তামার সংমিশ্রণে তৈরি করা হয়। পিতলে তামা ও দস্তার পরিমাণে তারতম্য ঘটতে পারে এবং এর ফলে বিভিন্ন বৈশিষ্ট্যের বিভিন্ন ধরনের পিতল তৈরি সম্ভব। পিতল হল তামা ও দস্তার সংকর। সাধারণত পিতলে ৬৭ শতাংশ তামা এবং ৩৩ শতাংশ দস্তা থাকে। চীনে খ্রীষ্টপূর্ব ৫০০ অব্দ পূর্বেও পিতলের ব্যবহার দেখা যায়।	
কপার (তামা) খুব সহজেই তাপ ও বিদ্যুৎ পব্র াহিত হয়। ইহা দ্বারা তার, কেবল, বয়লারের ফায়ার টিউব, মোটর ও জেনারেটরের ওয়াইন্ডিং, তার ইগনিশন কয়েল ইত্যাদিতে ব্যবহার করা হয়।	
অ্যালয় (সংকর ধাতু): সংকর ধাতু হলো একাধিক ধাতু বা একটি ধাতুর সাথে বিভিন্ন উপাদানের মিশ্রণ। এ উপাদানগুলো ধাতব বন্ধন দ্বারা আবদ্ধ। একটি সংকর ধাতু বিভিন্ন ধাতুর সমসত্ব মিশ্রণ দ্বারা গঠিত হতে পারে। নির্দিষ্ট সংকর ধাতুতে ধাতব পদার্থগুলোর নির্দিষ্ট সংযুক্তি ও কেলাসিত অবস্থা বিরাজ করে।	

সেলফ চেক ১.২

ক) ধাতু বলতে কি বুঝ? উহা কত প্রকার ও কি কি?

খ) ফেরাস মেটাল ও নন ফেরাস মেটালের উদহারন দাও।

গ) কাস্ট আয়রন কি এবং এতে কত শতাংশ কার্বন থাকে?

ঘ) স্টেইনলেস স্টিল কেন অধিক ব্যবহার হয়।

ঙ) অ্যালুমিনিয়াম এর সংক্ষিপ্ত বর্ণনা লিখুন

উত্তর পত্র ১.২

ক) ধাতু বলতে কি বুঝ? উহা কত প্রকার ও কি কি?

উত্তর:

ধাতু: যাহার ওজন আছে, আয়তন আছে জায়গা দখল করে, বল প্রয়োগে বাধা সৃষ্টি করে, আঘাত করিলে ঝনঝন শব্দ করে, বিদ্যুৎ ও তাপ পরিবাহী, সাধারণ তাপ মাত্রায় গলে না, সাধারণত কঠিন অবস্থায় থাকে তাহাকে ধাতু বলে।

ধাতুকে দুই ভাগে ভাগ করাযায়। যথা ঃ

১. ফেরাস মেটাল (লৌহ জাত ধাতু)
২. নন-ফেরাস মেটাল (অ-লৌহজাত ধাতু)

খ) ফেরাস মেটাল ও নন ফেরাস মেটালের উদহারন দাও।

উত্তর: ফেরাস মেটালের উদহারন: পিগ আয়রণ,স্টীল, রট আয়রণ, কাষ্ট আয়রণ ইত্যাদি।
নন-ফেরাস মেটাল (অ-লৌহজাত ধাতু) : তামা, এ্যালুমিনিয়াম, পারদ, স্বর্ণ, রৌপ্য, দস্তা ইত্যাদি।

গ) কাস্ট আয়রন হচ্ছে আয়রন-কার্বন গ্রুপের এলয় যাতে কার্বন এর পরিমাণ ২% এর বেশি থাকে। সাধারণত এতে ১.৮-৪% কার্বন এবং সিলিকন ১-৩% থাকে।

ঘ) স্টেইনলেস স্টিল আয়রন এর একটি এলয় যাতে কমপক্ষে ১০.৫% ক্রোমিয়াম থাকে। এই ক্রোমিয়াম বাইরের দিকে একটি আবরণ দিয়ে রাখে যা স্টিলকে ক্ষয় হতে রক্ষা করবে। স্টেইনলেস স্টিলকে সহজেই শীট, প্লেট, বার, ওয়্যার এবং টিউবে রুপান্তর করা যায় বলে এটি সার্জিক্যাল যন্ত্রপাতি, কনস্ট্রাকশন কাজে, বিভিন্ন ইন্ডাস্ট্রিতে এবং অন্যান্য কাজে ব্যবহার হয়।

ঙ) অ্যালুমিনিয়াম একটি নন-ফেরাস আয়রন যা সাধারনত ০.২ মিমি থেকে ৬ মিমি পুরু হয়ে থাকে। বাসনপত্র, ইলেকট্রিক তার, মোটর গাড়ীর ইঞ্জিনের বিভিন্ন অংশ, এরোপ্লেন, বাস, মোটর গাড়ীর বডি ইত্যাদিতে ব্যবহার করা হয়।

কার্যক্রম শীট ১.২

কার্যক্রমের নাম	ফেরাস মেটাল এবং নন ফরাস মেটাল সনাক্তকরা
উদ্দেশ্য	গ্রিল তৈরীর জন্য ফেরাস মেটাল এবং নন ফরাস মেটাল নির্বাচন করা।
প্রয়োজনীয় উপকরণ	পিগ আয়রণ,স্টীল, রট আয়রণ, কাষ্ট আয়রণ , নন-ফেরাস মেটাল (অ-লৌহজাত ধাতু) : তামা, এ্যালুমিনিয়াম, পারদ, স্বর্ণ, রৌপ্য, দস্তা ইত্যাদি।
কাজের ধাপসমূহ	১. মেটাল এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম সংগ্রহ করুন ২. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পরিধান করুণ ৩. মেটালগুলো টেবিলের উপর সাজিয়ে রাখুন ৪. মেটাল এর সারফেস দেখে মেটাল শনাক্ত করুন ৫. ফেরাস এবং নান ফেরাস মেটাল পৃথক করুন ৬. লেভেল ট্যাগ ব্যবহার করে প্রতিটি মেটাল এর নাম লিখুন ৭. উপকরণেরগুলো পুনরায় জমা দিন। ৮. কাজের জায়গা পরিষ্কার করুন।

কার্যক্রম সম্পাদন মানদন্ডের তালিকা ১.২

আমি কি	মানদন্ড	হ্যাঁ	না
১.	মেটাল এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম সংগ্রহ করেছিলাম?		
২.	ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পরিধান করেছিলাম?		
৩.	মেটালগুলো টেবিলের্ উপর সাজিয়ে রেখেছিলাম?		
৪.	মেটাল এর সারফেস দেখে মেটাল শনাক্ত করেছিলাম?		
৫.	ফেরাস এবং নান ফেরাস মেটাল পৃথক করেছিলাম?		
৬.	লেভেল ট্যাগ ব্যবহার করে প্রতিটি মেটাল এর নাম লিখেছিলাম?		
৭.	উপকরণেরগুলো পুনরায় জমা দিয়েছিলাম?		
৮.	কাজের জায়গা পরিষ্কার করেছিলাম?		
৯.	গ্রিলে ব্যাবহৃত বিভিন্ন বার চিহ্নিত করতে পেরেছিলাম?		
১০.	গ্রিল তৈরী করার জন্য বিভিন্ন প্রকার ধাতু সনাক্ত করতে পেরেছিলাম?		

ইনফরমেশন শীট ১.২: মালামাল শনাক্ত করা

শিখনের উদ্দেশ্যসমূহ: প্রশিক্ষণার্থীরা এই ইনফরমেশন শীট সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা গ্রিল মেকিং কাজের জন্য মালামাল শনাক্ত করতে পারবেন।

এমএস প্লেট (মাইল্ড স্টিল প্লেট):
লম্বা চাদর আকৃতির বিশিষ্ট মেটাল কে শিট মেটাল বলা হয়। শিট মেটালের পুরত্বে ৬ মিলিমিটার এর নিচে হয়ে থাকে। ৬ মিলিমিটার এর বেশী পুরত্বের শীটকে প্লেট বলে।
মাইল্ড স্টিল দ্বারা তৈরী প্লেটকে মাইল্ড স্টিল প্লেট বলে। ইহার সাইজ পুরুত্ব দ্বারা নির্ণয় করা হয়।



এমএস ফ্লাট বার (মাইল্ড স্টিল ফ্লাট বার):
ইহা আয়তাকার বিশিষ্ট হয়ে থাকে। ইহার সাইজ, প্রস্থ ও পুরুত্ব দ্বারা প্রকাশ করা হয়।
মাইল্ড স্টিল মেটাল দ্বারা তৈরীর কারণে মাইল্ড স্টিল ফ্লাট বার বলে।



এসএস এন্ড এমএস শীট
মাইল্ড স্টিল দ্বারা তৈরী শীটকে মাইল্ড স্টিল শীট এবং স্টেইনলেস স্টিল মেটাল দ্বারা তৈরীর শীটকে এস এস শীট বলে। ইহার সাইজ সাধারনত পুরুত্ব দ্বারা নির্ণয় করা হয়।



এম এস অ্যাঙ্গেল বার (মাইল্ড স্টিল এঙ্গেল বার):
ইহার সাইজ পুরত্ব, প্রস্থ ও উচ্চতা দ্বারা নির্ণয় করা হয়।বিভিন্ন বিল্ডিং স্ট্রাকচার এবং ইঞ্জিনিয়ারিং স্ট্রাকচার যেমন: বিভিন্ন দরজা ,জানালা তৈরী বিম,সেতু,সংক্রমণ টওয়ার, উত্তোলন ও পরিবহন



এম এস স্কয়ার বার (মাইল্ড ইস্টিল স্কয়ার বার): মাইল্ড স্টিল স্কয়ার বার মূলত বিল্ডিং স্ট্রাকচার, যন্ত্রপাতি ও যানবাহন উৎপাদন কাজে ও বিভিন্ন দরজা, জানালা তৈরী কাজে ব্যবহৃত হয়।। স্কয়ার বার বর্গাকার আকৃতির একটি বিভাগ সহ স্টিলের একটি দীর্ঘ স্ট্রিপ। এটি নির্মাণ এবং যন্ত্রপাতি জন্য একটি কার্বন ইস্পাত।	
রাউন্ড বার (বৃত্তাকার বার): রাউন্ড বার বা বৃত্তাকার বার হল একটি নলাকার স্টেইনলেস স্টিল পণ্য যা অটো যন্ত্রাংশ, বিমান, মহাকাশ হার্ডওয়্যার সরঞ্জাম, রাসায়নিক শিল্প এবং অন্যান্য শিল্পে বহুল ব্যবহৃত হয়।	
এমএস জেড বার এমএস জেড বার বা মাইল্ড স্টিল জেড বার, ইহা দেখতে ইংরেজী জেড(ত) আকৃতির। বিভিন্ন দরজা ,জানালা তৈরী বিম, উত্তোলন ও পরিবহন যন্ত্রপাতি, জাহাজ, ধারক র‍্যাক এবং গুদামগুলিতে বহুলভাবে ব্যবহার হয়।	
মাইল্ড স্টিল চ্যানেল বার চ্যানেল ইস্পাত মূলত বিল্ডিং স্ট্রাকচার, যন্ত্রপাতি ও যানবাহন উৎপাদন কাজে ব্যবহৃত হয়। চ্যানেল ইস্পাত খাঁজ আকৃতির একটি বিভাগ সহ স্টিলের একটি দীর্ঘ স্ট্রিপ। এটি নির্মাণ এবং যন্ত্রপাতি জন্য একটি কার্বন ইস্পাত। এটি একটি জটিল বিভাগ সহ একটি বিভাগ ইস্পাত এবং এর ক্রস-বিভাগীয় আকৃতি খাঁজ আকারের।	
এমএস হিঞ্জ এমএস হিঞ্জ এর অর্থ হলো কবজা । কবজা বিভিন্ন মেটালের হয়ে থাকে যেমন: এম এস মেটাল, এস এস মেটাল কপার ইত্যাদি। ইহা সাধারনত যে কোন ধরণের দরজা ফিটিং,জানালা ফিটিং এর কাজে ব্যাবহৃত হয়ে থাকে। ইহার সাইজ ভিবিন্ন রকমের হয়। দৈঘ্যে মাপ ,প্রস্তের মাপ ও পুরেত্বের মাপ দিয়ে সাইজ নির্ধারন করা হয়।	

এইচ বার (ঐ বার) ইহা ইংরেজী ঐ চ্যানেল এর ন্যায় দেখতে। ইস্পাত মূলত বিল্ডিং স্ট্রাকচার, যন্ত্রপাতি ও যানবাহন উৎপাদন কাজে ব্যবহৃত হয়। এটি নির্মাণ শিল্পে বেশী ব্যাবহৃ এবং যন্ত্রপাতি জন্য একটি কার্বন ইস্পাত। এটি একটি জটিল বিভাগ সহ একটি বিভাগ ইস্পাত ।	
হ্যান্ডেল/নব এর অর্থ হলো হাতল।ইহা সাধারনত যে কোন ধরণের দরজা ফিটিং, জানালায় এর ব্যাবহার হয়ে থাকে। ইহা বিভিন্ন মেটালের তৈরী এবং বিভিন্ন ডিজাইনের হয়ে থাকে। ইহার সাইজ বিভিন্ন রকমের হয়।	
ক্যাচ হুক ইহা সাধারনত যে কোন ধরণের দরজায়, জানালায় এর ব্যাবহার হয়ে থাকে। ইহা বিভিন্ন মেটালের তৈরী এবং বিভিন্ন ডিজাইনের হয়ে থাকে। ইহার সাইজ ভিবিন্ন রকমের হয়।	
সার্পোটিং ক্লাম্প: সাপোর্টিং ক্ল্যাম্প ওয়েল্ডিং কাজের সময় কোন মেটালকে ধরে রাখেতে সহায়তা কওে	
এম এস পাইপ পাইপের বাংলা অর্থ হল নল। যার ভেতর দিয়ে পানি,বায়ু,তেল ও গ্যাস প্রবাহিত হয়। ইহা অভ্যন্তর প্রসাধন, তরল পাইপলাইন, পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস শিল্প, তুরপুন, পাইপলাইন, কাঠামো ব্যাপকভাবে ব্যবহৃত হয়। ইহার সাইজ পুরত্ব, পাইপের ভেতরের ব্যস ও বাহিরের ব্যাস দ্বারা প্রকাশ করা হয়।	

জিআই পাইপ জি আই এর অর্থ হলো গ্যালভ্যানাইজ আয়রন। এই পাইপে মরিচা ধরেনা। ইহা সাধারনত পনি ও বাতাস প্রবাহিত লাইনে বেশী ব্যবহৃত ব্যাপকভাবে ব্যবহৃত হয়। ইহার সাইজ পুরত্ব, পাইপের ভেতরের ব্যস ও বাহিরের ব্যাস দ্বারা প্রকাশ করা হয়।	
স্টেইনলেস স্টিল পাইপ: স্টেইনলেস স্টিল পাইপ আয়রন এর একটি এলয় যাতে কমপক্ষে ১০.৫% ক্রোমিয়াম থাকে। এই ক্রোমিয়াম বাইরের দিকে একটি আবরণ দিয়ে রাখে যা স্টিলকে ক্ষয় হতে রক্ষা করবে। স্টেইনলেস স্টিলকে সহজেই পাইপে রুপান্তর করা যায়।	
ফিলার রডঃ ফিলার রড একটি মেটাল যা দুটি মেটাল এর জোড়ার মধ্যে ওয়েল্ডিং অথবা সোল্ডারিং করে গলিয়ে দেওয়া হয়। বেস মেটাল এবং ফিলার রড একই ধরণের হতে হয়। যদিও সাব ওয়েল্ডিং কাজে ফিলার রড এর প্রয়োজন হয় না।	
রিভেটঃ ওয়েল্ডিং করার পর অনেক সময় জোড়টিকে শক্তিশালী করার জন্য রিভেট ব্যবহার করা হয়।	

গ্রিলে ব্যবহৃত বিভিন্ন আকৃতির মেটাল	
অ্যাঙ্গেল বার	ফ্লাট বার
স্কয়ার বার	র‍াউন্ড বার
	
জেড বার	চ্যানেল বার

টিউব	**আই বার**
টি-বার	**হলো টিউব**

সেলফ চেক ১.২

প্রশ্ন ১ঃ মেটাল শীট এবং প্লেট এর মধ্যে পার্থক্য কি?

প্রশ্ন ২ঃ এঙ্গেল বার এর সাইজ কি ভাবে নির্নয় করা হয়?

প্রশ্ন ৩ঃ পাইপের এর সাইজ কি ভাবে নির্নয় করা হয়?

প্রশ্ন ৪ঃ ৫টি বার মেটাল এর লিখ?

উত্তরপত্র ১.২

১) উত্তর ঃ মেটাল শিট এর পুরুত্ব ৬ মিলিমিটার এর নিচে হয়ে থাকে। ৬ মিলিমিটার এর বেশী পুরুত্বের শীটকে প্লেট বলে।

২) উত্তর ঃ এঙ্গেল বার এর সাইজ ইহার প্রস্থ , পুরত্ব ও উচ্চতার মাপ দ্বারা নির্ণয় করা হয়।

৩) উত্তর ঃ ইহার সাইজ পাইপের পুরত্ব, পাইপের ভেতরের ব্যস ও বাহিরের ব্যাস দ্বারা প্রকাশ করা হয়।

৪) উত্তর ঃ ফ্লাট বার, এঙ্গেল বার, স্কয়ার বার, রাউন্ড বার, জেড বার।

কার্যক্রম শীট ১.২

কার্যক্রমের নাম	গ্রিল তৈরীর করার জন্য মালামাল সনাক্তকরা
উদ্দেশ্য	গ্রিল তৈরীর জন্য মালামাল নির্বাচন করা।
প্রয়োজনীয় উপকরণ	হ্যান্ডেল, ক্যাচ হুক, এমএস হিঞ্জ, এঙ্গেল বার, এম এস পাইপ, এস এস পাইপ,স্কয়ার বার
কাজের ধাপসমূহ	১. বিভিন্ন ধরনের মালামাল সংগ্রহ করুন ২. উক্ত উপকরণসমূহ টেবিলের উপর আলাদাভাবে রাখুন ৩. প্রত্যেক ধরণের মালামাল সনাক্ত করুন ৪. প্রতিটি উপকরণের নামের তালিকা করুন ৫. প্রতিটি উপকরণের নামের লেবেল করুন ৬. মালামালসমূহ পুনরায় জমা দিন ৭. কাজের জায়গা পরিষ্কার করুন।

কার্যক্রম সম্পাদনের মানদন্ড ১.২

আমি কি	মানদন্ড	হ্যাঁ	না
১.	কাজের ধরণ চিহ্নিত করেছিলাম?		
২.	বিভিন্ন ধরনের মালামাল সংগ্রহ করেছিলাম?		
৩.	উক্ত উপকরণসমূহ টেবিলের উপর আলাদাভাবে রাখুন		
৪.	প্রত্যেক ধরণের মালামাল সনাক্ত করেছিলাম?		
৫.	প্রতিটি উপকরণের নামের তালিকা করেছিলাম?		
৬.	প্রতিটি উপকরণের নামের লেবেল করেছিলাম?		
৭.	মালামালসমূহ পুনরায় জমা দিন		
৮.	কাজের জায়গা পরিষ্কার করেছিলাম?		

শিখনফল ২: গ্রিল মেকিং কাজের জন্য ওয়ার্কিং ড্রয়িং ব্যাখ্যা করা

বিষয়বস্তুঃ

১. টেকনিক্যাল ড্রয়িং এর সংজ্ঞা
২. ভিউ এর সংজ্ঞা ও প্রকারভেদ
৩. অর্থগ্রাফিক ভিউ এর শ্রেণীবিভাগ
৪. কোণ, বৃত্ত, ত্রিভুজ, বর্গক্ষেত্র, আয়তক্ষেত্র, ষড়ভূজ, পঞ্চভূজ *এর সংজ্ঞা ও অঙ্কন।*
৫. *ড্রয়িং লাইন অঙ্কন*
৬. জবের বিভিন্ন ভিউ অঙ্কন
৭. আইসোমেট্রিক পদ্ধতিতে স্কয়ার বার অঙ্কন
৮. অবলিক পদ্ধতিতে ভি-ব্লক অঙ্কন
৯. ড্রয়িং অনুসারে মেটালের ওজন নির্ণয়

মূল্যায়নের মানদন্ডঃ

১. প্রয়োজন অনুযায়ী প্রাসঙ্গিক ড্রয়িং সঠিকভাবে চিহ্নিত করতে পারা
২. প্রাসঙ্গিক ড্রয়িং থেকে সকল স্পেসিফিকেসন ব্যাখ্যা করতে পারা
৩. ড্রয়িংয়ে উল্লেখিত শর্তাবলী এবং শব্দ সংক্ষেপগুলো ব্যাখ্যা করতে পারা
৪. ড্রয়িংয়ে উল্লেখিত চিহ্ন এবং প্রতীকসমূহ সনাক্ত করতে পারা

শিখন উপকরণ ঃ

১. রেফারেন্স বই
২. গ্রিল মেকিং সিবিএলএম
৩. মডিউল বা রেফারেন্স

শিখন কার্যক্রম ২

শিখন ফলঃ গ্রিল মেকিং কাজের জন্য ওয়ার্কিং ড্রয়িং ব্যাখ্যা করা

শিখন কার্যক্রম	বিশেষ নির্দেশনা
শিখন কার্যক্রম ২.১: বিভিন্ন ধরণের ড্রয়িং সনাক্ত করা	▪ **ইনফরমেশন শীট ২.১** পড়ুন ▪ **সেলফ চেক ২.১** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ২.১** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন
শিখন কার্যক্রম ২.২: গ্রিল মেকিং কাজের ড্রয়িং থেকে চিহ্ন এবং প্রতীক সমূহ সনাক্ত করা	▪ **ইনফরমেশন শীট ২.২** পড়ুন ▪ **সেলফ চেক ২.২** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ২.২** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন ▪ **জব শীট ২.২** অনুসারে কাজ করুন

ইনফরমেশন শীট ২.১: বিভিন্ন ধরণের ড্রয়িং সনাক্ত করা

শিখন উদ্দেশ্য ঃ এই ইনফরমেশন শীটটি পড়ার পর প্রশিক্ষণার্থীরা গ্রিল তৈরীর কাজে ব্যবহৃত বিভিন্ন ধরণের ড্রয়িং সনাক্ত করতে পারবেন।

ড্রয়িং: ড্রয়িং ইঞ্জিনিয়ারিং কাজের অন্যতম গুরুত্বপূর্ণ একটি উপাদান যার মধ্যে একটি প্রজেক্ট/কাজের মূলনীতি, হিসাব, পরিমাপ লিপিবদ্ধ থাকে। গ্রিল তৈরীর কাজে ড্রয়িং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। প্রত্যেকটি কাজের শুরুতেই ড্রয়িং প্রয়োজন হয়। মাপ এবং হিসাবের একটু গরমিলের কারণেই অনেক বড় সমস্যা দেখা দেয়।

ড্রয়িং এর প্রকারভেদ: ড্রয়িং হল কোন বস্তুর দৃশ্যমান যোগাযোগের একটি মাধ্যম এবং এতে একটি বস্তুর বিভিন্ন তথ্য লিপিবদ্ধ থাকে। ড্রয়িং সাধারণত দুই প্রকার

১. টেকনিক্যাল ড্রয়িং
২. ফ্রি হ্যান্ড স্কেচ্

ফ্রি হ্যান্ড স্কেচ্: ফ্রি হ্যান্ড স্কেচ্ হল মুক্ত হাতে আঁকা ইমেজ যা কোন বস্তুর আকার, আকৃতি এবং মাপ নির্দেশ করে। ফ্রি হ্যান্ড স্কেচ্ আঁকতে কোন স্কেল মানতে হয় না। মুক্ত হাতে শুধুমাত্র পেন্সিল এবং কাগজ ব্যবহারের মাধ্যমে আঁকা যায়।

টেকনিক্যাল ড্রয়িং: টেকনিক্যাল ড্রয়িং কোন প্রজেক্ট অথবা বস্তুর সঠিক এবং নিখুঁতভাবে অংঙ্কিত ড্রয়িং, যা কম্পিউটারের কোর সফ্টওয়্যার অথবা ড্রয়িং আঁকার জন্য কোন যন্ত্রপাতির সাহায্যে আঁকা হয়। এই ড্রয়িংয়ে সাধারণত টেকনিক্যাল তথ্য উপস্থাপণ করা হয় যা পরবতীকে দিক নির্দেশক হিসেবে কাজ করে। টেকনিক্যাল ড্রয়িং কোন কাজের সম্পূর্ণ এবং সঠিক তথ্য প্রদান করে।



টেকনিক্যাল ড্রয়িং এর ধরণ:

১. ডিটেইল ড্রয়িং
২. অ্যাসেম্বলি ড্রয়িং
৩. সার্কিট ডায়াগ্রাম
৪. পিকটোরিয়াল

ডিটেইল ড্রয়িং: ডিটেইল ড্রয়িং একটি কাজের একটি অংশ প্রদর্শন করে। এটি নির্দিষ্ট অংশের আকার, পরিমাপ এবং তৈরি করার পদ্ধতি সম্পর্কে নিখুঁত বর্ণনা থাকে। একটি পূর্ণাঙ্গ ডিটেইল ড্রয়িং এর মধ্যে নির্দিষ্ট আকার, আকৃতি, উপকরণের প্রকারভেদ, প্রত্যেক অংশর ফিনিশিং, টলারেন্স, উপকরণের এস্টিমেশনসহ উৎপাদন পরবর্তী অন্য কোন ধরণের কাজের নোট ও উল্লেখ থাকে।



অ্যাসেম্বলি ড্রয়িং: অ্যাসেম্বলি ড্রয়িং একটি পণ্য, মেশিন, প্রস্তুত প্রণালীর প্রতিটি অংশের সংযোজনের চিত্র উল্লেখিত থাকে। এর সাহায্যে প্রতিটি অংশকে সংযোজন করে একটি সম্পূর্ন অংশ তৈরি করা হয়। একটি অ্যাসেম্বলি ড্রয়িং এর মধ্যে দু ইবা ততোধিক ভিউ থাকেতে পারে।

১. অংশসমূহের নামের তালিকা
২. মালামালের কাটিং লিস্ট
৩. হার্ডওয়্যার লিস্ট
৪. টলারেন্স



ভিউ বা দৃশ্য (Different Views) ঃ

ইঞ্জিনিয়ারিং ড্রয়িংয়ে যখন কোন ক্ষেত্র বা বস্তুকে এক বা একাধিক চিত্র দ্বারা পরিচয় দেওয়া হয় তখন তাহাকে ভিউ বা দৃশ্য বলে।

প্রকারভেদ ঃ অংকনের নীতি অনুসারে ভিউ ৪ (চার) প্রকার। যথা ঃ-

১। অর্থগ্রাফিক ভিউ, ২। আইসোমেট্রিক ভিউ, ৩। অবলিক বা তির্যক ভিউ, ৪। পার্সপেক্টিভ বা পরিপেক্ষিত ভিউ

সচিত্র ড্রয়িং: সচিত্র ড্রয়িংগুলোকে আমরা ভূল কর থ্রিডি ড্রয়িং হিসেবে বিবেচনা করি। কিন্তু সচিত্র ড্রয়িংগুলো সাধারণত একটি বস্তুর তিনটি মাত্রাকে (দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা) নির্দেশন করে। এটি টুডি মডেলে আঁকা ড্রয়িংগুলোকে বর্ণনা করতে সাহায্য করবে।







আর্থোগ্রাফিক ড্রয়িং

অর্থোগ্রফিক ড্রয়িং এক ধরণের ড্রয়িং যা আধুনিক ইঞ্জিনিয়ারি ড্রয়িং হিসেবে বর্তমান ব্যবহৃত হয়। এটি এক ধরণের বিশেষ ড্রয়িং যা দেখতে খুব সুন্দর না হলেও এটি ব্যাখ্যা করতে পারার দক্ষতা অর্জন করতে পারলে অনেক সহজে অন্যান্য ড্রয়িং ব্যাখ্যা করতে পারা যাবে। আর্থোগ্রাফিক ড্রয়িং একটি বস্তুর চিত্র যা বস্তুটির ভিন্ন ভিন্ন দিক প্রদর্শন করে।

যে নীতিতে কোন বস্তুর দৃশ্য আলাদা ভাবে আঁকা হয় এবং ভিউ হতে বস্তুর প্রকৃত মাপ সরাসরি পাওয়া যায় তাকে অর্থগ্রাফিক ভিউ বলে।

কোন ঘন বস্তুর পরিচয়ের জন্য নিম্নে উল্লেখিত তিনটি মাপের দরকার হয়

১. দৈর্ঘ্য
২. প্রস্থ
৩. উচ্চতা

এই মাপগুলি পেতে যে দৃশ্যের দরকার তা তিন প্রকার যেমন -

১. টপ ভিউ ঃ টপ ভিউ হতে বস্তুর দৈর্ঘ্য ও প্রস্থের মাপ পাওয়া যায়।
২. ফ্রন্ট ভিউ ঃ ফ্রন্ট ভিউ হতে বস্তুর দৈর্ঘ্য ও উচ্চতার মাপ পাওয়া যায়।
৩. সাইড ভিউ ঃ সাইড ভিউ হতে বস্তুর প্রস্থ ও উচ্চতার মাপ পাওয়া যায়।



আইসোমেট্রিক ভিউ ঃ যে নীতিতে কোন বস্তুর তিনটি দৃশ্য একটি মাত্র দৃশ্যের মাধ্যমে উহার দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতাকে দেখানো হয় এবং বস্তুর আনুভূমিক ধারগুলি ভূমির সহিত ৩০º কোন ও লম্বাধারগুলি লম্ব ভাবে আঁকা হয় তাহাকে আইসোমেট্রিক ভিউ বলে।

৩। অবলিক ভিউ ঃ যে নীতিতে কোন বস্তুর রেখা গুলির একটি আনুভূমিক একটি খাড়াও একটি ভূমির সহিত ৪৫° কোনে থাকে তাহাকে অবলিক ভিউ বলে।

৪। পার্সপেক্টিভ ভিউ: যে নীতিতে কোন বস্তুর রেখা গুলির একটি খাড়া এবং দুটি ভূমির
সহিত ৪৫° কোনে থাকে তাহাকে পার্সপেক্টিভ ভিউ বলে।

সেলফ চেক ২.১

১. প্রধান দুই প্রকারের ড্রয়িং এর নাম কি কি?
২. টেকনিক্যাল ড্রয়িং এর ধরণগুলো কি কি?
৩. আর্থোগ্রাফিক ড্রয়িং এর ভিউগুলোর নাম লিখুন

উত্তরপত্র ২.১

১. টেকনিক্যাল ড্রয়িং ফ্রি হ্যান্ড স্কেচ্

২. .ডিটেইল ড্রয়িং অ্যাসেম্বলি ড্রয়িং সার্কিট ডায়াগ্রাম পিকটোরিয়াল

৩. ফ্রন্ট ভিউ, ব্যাক ভিউ, লেফট সাইড ভিউ, টপ ভিউ

ইনফরমেশন শীট ২.২: গ্রিল মেকিং কাজের ড্রয়িং থেকে চিহ্ন এবং প্রতীক সমূহ সনাক্ত করা

শিখনের উদ্দেশ্যসমূহ: এই ইউনিটটির মাধ্যমে শিক্ষার্থীরা টেকনিক্যাল ড্রয়িং করতে ও পড়তে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে কারখানাতে জব উৎপাদন করতে পারবে।

ভূমিকা : গ্রিল প্রস্তুতের জন্য আমাদের প্রদত্ত ড্রয়িং পড়া এবং ব্যাখ্যা করা প্রয়োজন এবংএই কাজের জন্য নির্দিষ্ট সাইজের মালামাল তৈরী করা ও কি ধরনের ওয়েল্ডিং কাজ সম্পাদন করতে হবে তা জানা প্রয়োজন ।এই কাজটি প্রশিক্ষণার্থীকে এ সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা প্রদান করবে।

টেকনিক্যাল ড্রয়িং ব্যাখা করা: গ্রিল মেকিং এর টেকনিক্যাল ড্রয়িং ২-মাত্রিক স্থাপত্য নকশা আঁকা যা একটি পরিকল্পিত কাঠামোর আকার নির্দেশ করে, উৎপাদন এর জন্য উপকরণ তার এবং তার ব্যবহার ও বৈশিষ্ট্য বসানো।



গ্রিল মেকিং শিল্পের শ্রমিকদের সঙ্গে কাঠের টেকনিক্যাল ড্রয়িং প্রয়োজনীয় বিবরণ এবং লিখিত স্পেসিফিকেশন নিয়ে যোগাযোগ করে নির্দিষ্ট করা রয়েছে। গ্রিল মেকিং শিল্পের প্রত্যেক শ্রমিকদের টেকনিক্যাল ড্রয়িং জানা এবং ব্যাখা করা আবশ্যক।

টেকনিক্যাল ড্রয়িং এর অংশসমুহ

সাধারণ ইঞ্জিনিয়ারিং ড্রয়িং এর নিম্নলিখিত পাঁচটি গুরুত্বপূর্ণ অংশসমুহে ভাগে ভাগ করা যেতে পারে।

- টাইটেল ব্লক
- গ্রিড সিস্টেম
- রিভিশান ব্লক
- নোটস এন্ড লিজেন্ডস
- ইঞ্জিনিয়ারিং ড্রয়িং (গ্রাফিক্স অংশ)

ওয়েল্ডিং ড্রয়িং এর প্রতীকসমূহ

প্রতীক	সেকশন/ভাগ	ওয়েল্ডিং এর কর্মক্ষেত্র

‖		স্কয়ার বাট
V		ভী বাট
V		বিভেল বাট
Y		ইউ বাট
X		ডাবল ভী বাট
K		ডাবল বিভেল
X		ডাবল ইউ বাট





প্লেট ওয়েল্ডিং উপর ফিলেট ওয়েল্ড এর নাম এবং অবস্থান

 Flat – PA	PA/1F	 PA/1G
	সমতল অবস্থান। ওয়েল্ডের অক্ষরেখা আনুভূমিক	সমতল অবস্থান। প্লেট আনুভূমিক।
 আনুভূমিক- পি বি	 PB/2F	PC/2G
	আনুভূমিক অবস্থান। ওয়েল্ডের অক্ষরেখা আনুভূমিক	সমতল অবস্থান। প্লেট উলম্ব।

 উলম্ব উপরে- পি এফ	 3F	 3G
 উলম্ব নিচে- পি জি	উলম্ব অবস্থান। ওয়েল্ডিং এর উলম্ব অক্ষরেখা ।	উলম্ব অবস্থান। প্লেটসমূহ উলম্ব।
 উর্ধ্বস্থ - পি ডি	 PD/4F	 PE/4G
	উর্ধ্বস্থ অবস্থান। ওয়েল্ডিং এর আনুভূমিক অক্ষরেখা	উর্ধ্বস্থ অবস্থান। প্লেটসমূহ আনুভূমিক।

ওয়েল্ডিং এর চিহ্ন সমূহের প্রথম উপাদান হিসাবে এ্যারো (তীর চিহ্ন) ধরা হয়। এটি অত্যন্ত প্রয়োজনীয় অংশ এবং যে পয়েন্টে ওয়েল্ড করা হবে তা নির্দেশ করে। এ্যারো (তীর চিহ্ন) এর স্টেম টি আনুভূমিক হবে না ।যে জয়েন্টে এ্যারো (তীর চিহ্ন) নির্দেশ করে,তাকে বলা হয় জয়েন্টের "এ্যারো সাইড"এবং এর বিপরীত সাইড কে বলা হয় জয়েন্টের "অন্য সাইড" ।



ওয়েল্ডিং চিহ্নের জন্য ড্রয়িং এ প্রায়ই কম জায়গা পাওয়া যায়। ওয়েল্ডিং চিহ্নের সংখ্যা কমানোর জন্য প্রতিটি ওয়েল্ডিং চিহ্নে একটির বেশী এ্যারো (তীর চিহ্ন) ব্যবহার করা যেতে পারে, যদি এ্যারো (তীর চিহ্ন) নির্দেশিত প্রতিটি জয়েন্টে একই ভাবে ওয়েল্ডিং করা হয় ।





ওয়েল্ডিং এর তথ্য ব্যাখ্যা করুন

ওয়েল্ডিং চিহ্নের আরেকটি গুরুত্বপূর্ণ অংশ হলো রেফারেন্স লাইন, যা একটি সরলরেখা, আনুভূমিকভাবে ড্রয়িংএ আকা হয় এবং এ্যারো (তীর চিহ্ন) এর সাথে যুক্ত থাকে । এ্যারো (তীর চিহ্ন) রেফারেন্স লাইনের যেকোন প্রান্তে যুক্ত থাকে । জয়েন্টের এ্যারো সাইড এর দিকের সংশ্লিষ্ট তথ্য রেফারেন্স লাইনের নীচে রাখা হয় এবং জয়েন্টের অন্য সাইড এর সংশ্লিষ্ট তথ্য রেফারেন্স লাইনের উপরে রাখা হয় ।

যদি কাজ বা অপারেশনের ধাপগুলো স্পস্ট ভাবে উল্লেখ করতে হয় তাহলে ওয়েল্ডিং চিহ্নে কয়েক স্তরের রেফারেন্স লাইন ব্যবহার করা হয় । এ্যারো (তীর চিহ্ন) এর সাথে দুই বা ততোধিক রেফারেন্স লাইন যুক্ত থাকতে পারে, এ্যারো (তীর চিহ্ন) এর সবচেয়ে কাছের রেফারেন্স লাইন প্রথম কাজ নির্দেশ করে এবং এ্যারো (তীর চিহ্ন) এর উপরে ও নীচের রেফারেন্স লাইনগুলো ক্রমান্বয়ে পরবর্তীতে সম্পাদিত কাজগুলো নির্দেশ করে ।



ওয়েল্ডিং চিহ্নে অতিরিক্ত তথ্য দেয়া যেতে পারে যদিও তা ডব্লিউ পি এস - এ রয়েছে। উদাহরন স্বরুপ, ভি- (ঠ-), ইউ- (ট-), বেভেল -, অথবা জে- গ্রোভ ওয়েল্ড নির্দিষ্ট জায়গায় স্পষ্ট উল্লেখ করা থাকে, স্কয়ার গ্রুভ ওয়েল্ড দিয়ে করা ওয়েল্ডিং এর চাইতে অতিরিক্ত সাইজ তৈরী করার জন্য । তবে অতিরিক্ত তথ্য সংযুক্ত করা নির্ভর করে সম্পূর্ণ ওয়েল্ডিং এর খরচের উপর । রেফারেন্স লাইনের নীচে, একটি গ্রুভ -ওয়েল্ড চিহ্ন, ওয়েল্ডিং চিহ্নে যুক্ত হতে পারে, শুধুমাত্র জয়েন্টের (সিঙ্গেল ওয়েল্ড) "এ্যারো সাইডের" দিকের ওয়েল্ড নির্দিষ্ট করার জন্য । রেফারেন্স লাইনের উপরে একটি গ্রুভ -ওয়েল্ড চিহ্ন যুক্ত হয় জয়েন্টের (সিঙ্গেল ওয়েল্ড) "অন্য সাইড" এর ওয়েল্ড নির্দিষ্ট করার জন্য । ডাবল ওয়েল্ড ব্যাখ্যা করার জন্য রেফারেন্স লাইনের উপরে ও নীচে উভয় দিকে ওয়েল্ড চিহ্ন যুক্ত হতে পারে।



আংশিক জয়েন্টের ভেদ ব্যাখ্যা করার জন্য বেভিল এর গভীরতা মাত্রা এবং গ্রুভ-ওয়েল্ড চিহ্ন এর বামে প্রয়োজনীয় ওয়েল্ড এর সাইজ অথবা ডাবল ওয়েল্ডের উভয় চিহ্ন যুক্ত করা হয়।



বেভিল গভীরতা অথবা ওয়েল্ড এর সাইজ মাত্রা যদি উল্লেখ না থাকলে ব্যাকিং ওয়েল্ড চিহ্ন বা ব্যাক ওয়েল্ড চিহ্ন, যা গ্রুভ ওয়েল্ড চিহ্নের বিপরীতে যুক্ত করতে হবে, যা পূর্ণজয়েন্ট পেনিট্রেশন ব্যাখ্যা করে।



সেলফ চেক ২.২

ওয়েল্ডিং ড্রয়িং এর প্রতীকসমূহ		
প্রতীক	**সেকশন/ভাগ**	**ওয়েল্ডিং এর কর্মক্ষেত্র**
‖		
V		
V		
∪		
X		
K		

উত্তরপত্র ২.২

ওয়েল্ডিং ড্রয়িং এর প্রতীকসমূহ		
প্রতীক	**সেকশন/ভাগ**	**ওয়েল্ডিং এর কর্মক্ষেত্র**
‖		স্কয়ার বাট
V		ভী বাট
V		বিভিল বাট
Y		ইউ বাট
X		ডাবল ভী বাট
K		ডাবল বিভেল

শিখনফল ৩: গ্রিল মেকিং কাজের জন্য মৌলিক পরিমাপ এবং হিসাব করা

বিষয়বস্তু:

১. মেজারিং টুলস, মার্কিং টুলস ও চেকিং টুলস পরিচিতি
২. পরিমাপের বিভিন্ন একক
৩. মেজারিং টুলসের প্রকারভেদ
৪. মেজারিং টুলসের যত্ন/সাবধানতা
৫. ফিট, লিমিট, টলারেন্স ও ক্লিয়ারেন্স
৬. ধাতুর ওজন বের করার পদ্ধতি
৭. মেজারমেন্ট টেপ ব্যবহার

মূল্যায়নের মানদন্ডঃ

১. কর্মক্ষেত্রের প্রয়োজন অনুসারে নির্ধরিত পরিমাপক ইউনিট ব্যবহার করতে পারা
২. প্রয়োজন অনুসারে উপযুক্ত পরিমাপক যন্ত্র নির্বাচন করতে পারা
৩. উপযুক্ত পরিমাপক যন্ত্র ব্যবহার করে মাপ নিতে পারা
৪. সংশ্লিষ্ট ড্রয়িং অনুযায়ী কি মালামাল প্রয়োজন তা হিসেব করতে পারা

শিখন উপকরণ ঃ

১. রেফারেন্স বই
২. ওয়েডিং সিবিএলএম
৩. মডিউল বা রেফারেন্স

শিখন কার্যক্রম ৩

শিখন ফল ৩ ঃ মৌলিক পরিমাপ এবং হিসাব করা

শিখন কার্যক্রম	বিশেষ নির্দেশনা
শিখন কার্যক্রম ৩.১: মেজারিং টুলস নির্বাচন করা	▪ **ইনফরমেশন শীট ৩.১** পড়ুন ▪ **সেলফ চেক ৩.১** সম্পন্ন করুন ▪ **উত্তরপত্র ৩.১** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন
শিখন কার্যক্রম ৩.২: মেজারমেন্ট নেওয়া এবং হিসাব করা	▪ **ইনফরমেশন শীট ৩.২** পড়ুন ▪ **সেলফ চেক ৩.২** সম্পন্ন করুন ▪ **উত্তরপত্র ৩.২** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন ▪ **কার্যক্রম শীট ৩.২** অনুসারে কাজ করুন

ইনফরমেশন শীট ৩.১: মেজারিং টুলস নির্বাচন করা

শিখন উদ্দেশ্য ঃ এই ইনফরমেশন শীটটি সম্পন্ন করার পর একজন প্রশিক্ষাথী মেজারিং টুলস নির্বাচন করার জন্য প্রয়োজনীয় জ্ঞান অর্জন করতে পারবেন।

নাম	মেজারিং টেপ	**নাম**	ফুট রুল
ব্যবহার	বিভিন্ন আকৃতির বস্তুর দূরত্ব মাপা	**ব্যবহার**	ছোট দূরত্ব মাপা
নাম	জিগজাগ রুল	**নাম**	ট্রায় স্কয়ার
ব্যবহার	ফোল্ডিং মেজারিং টুলস	**ব্যবহার**	সমকোণ পরিমাপ করা
নাম	**প্রট্রেক্টর (চাঁদা)**	**নাম**	**ক্যালিপার্স**
ব্যবহার	**কোণ পরিমাপ করা**	**ব্যবহার**	**ইামঁকোন বস্তুর ব্যাস পরিমাপ করা**
			

নাম	মাইক্রোমিটার	নাম	ডায়াল ইন্ডিকেটর
ব্যবহার	কোণ পরিমাপ করা	ব্যবহার	ইামঁকোন বস্তুর ব্যাস পরিমাপ করা
নাম	আউট সাইড ক্যালিপার্স	নাম	
ব্যবহার	কোণ পরিমাপ করা	ব্যবহার	
			
নাম	কম্বিনেশন সেট	নাম	ওয়্যার গেজ
ব্যবহার	কোণ পরিমাপ করা	ব্যবহার	

মেজারিং টুলসের যত্ন/সাবধানতা

ক) একটি মেজারিং টুলসের সাথে আর একটি মেজারিং *টুলস্* একত্রে রাখা উচিৎ নয়।
খ) কোন ধারালো যন্ত্রের সঙ্গে মেজারিস্টুলস্ *রাখা উচিৎ নয়।*
গ) মেজারিং টুলস্রে সাহায্যে কোন কিছুতে আঘাত দেওয়া যাবে না।
ঘ) হাত হতে যেন না পড়ে যায় সেদিকে খেয়াল রাখতে হবে।
ঙ) কাজের শেষে পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
চ) মাঝে মাঝে তেল দিবে মেশিন অয়েল দিতে হবে।
ছ) *লক্ষ্য রা*খতে হবে দাগগুলি যেন ঘর্ষনে না উঠে, ইত্যাদি।

টলারেন্স, অ্যালাউন্স, ফিট এবং লিমিট (ঞড়ষবৎধহপব, ধষষড়ধিহপব, ভরঃ ধহফ ষরসরঃ**) :**

টলারেন্স (ঞড়ষবৎধহপব): মাপের উর্ধ ও নিম্ন সীমার পার্থক্যকে টলারেন্স বলে। যেমন ঃ একটি শ্যাফটের মাপ সীমা *৫০+০.০৫/-০.০২* মিলিমিটার হলে টলারেন্স হবে *০.০৫-(-০.০২) = ০.০৫+০.০২ = ০.০৭ মিঃ মিঃ*

অ্যালাউন্স : মিলন যোগ্য দুইটি পার্টস বা অংশের *মধ্যে* যে পরিমান ব্যবধান রাখা হয় তাকে অ্যালাউন্স বলে।

ফিট : দুটি বস্তুর বা একই বস্তুর দুটি অংশের মিলন সম্পর্ককে মেলা বা ফিট বলে। ইহা শ্যাফট ও ছিদ্রের মাপের পার্থক্যের *উপর নির্ভর* করে।

সেলফ চেক ৩.১

প্রশ্ন ১: নিচের ছক থেকে মেজারিং টুলস এর নাম এবং কাজ লিখুন

নাম		**নাম**	
ব্যবহার		**ব্যবহার**	
নাম		**নাম**	
ব্যবহার		**ব্যবহার**	
নাম		**নাম**	
ব্যবহার		**ব্যবহার**	
			

উত্তরপত্র ৩.১

নাম	মেজারিং টেপ	**নাম**	ফুট রুল
ব্যবহার	বিভিন্ন আকৃতির বস্তুর দূরত্ব মাপা	**ব্যবহার**	ছোট দূরত্ব মাপা
নাম	জিগজাগ রুল	**নাম**	ট্রায় স্কয়ার
ব্যবহার	ফোল্ডিং মেজারিং টুলস	**ব্যবহার**	সমকোণ পরিমাপ করা
নাম	**প্রট্রেক্টর (চাঁদা)**	**নাম**	**ক্যালিপার্স**
ব্যবহার	**কোণ পরিমাপ করা**	**ব্যবহার**	**হস**কোন বস্তুর ব্যাস পরিমাপ করা
			

ইনফরমেশন শীট ৩.২: মেজারমেন্ট নেওয়া এবং হিসাব করা

শিখন উদ্দেশ্য ঃ এই ইনফরমেশন শীটটি সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা মেজারমেন্ট নেওয়া এবং হিসাব করার জন্য প্রয়োজনীয় জ্ঞান অর্জন করতে হবে।

বাংলাদেশের কনস্ট্রাকশন সেক্টরে আমরা কনস্ট্রাকশন কাজে বিভিন্ন রকম পরিমাপের একক ব্যাবহার করে থাকি। সাধারনত দুটি প্রধান পদ্ধতি ব্যাবহার হয়:

- এফপিএস (ফুট, পাউন্ড, সেকেন্ড)
- এমকেএস (মিটার, কিলোগ্রাম, সেকেন্ড)

এফ, পি, এস পদ্ধতিতে (FPS Method)	▪ দৈর্ঘ্যের একক - ফুট ▪ বলের একক - পাউন্ড ▪ সময়ের একক - সেকেন্ড
এম, কে, এস, পদ্ধতিতে (MKS Method)	▪ দৈর্ঘ্যের একক - মিটার ▪ বলের একক - কিলোগ্রাম ▪ সময়ের একক - সেকেন্ড

কাজের ছবি অংকনের সময় এমকেএস এবং ব্যাবহারিক কাজের সময় এফপিএস পদ্ধতি ব্যাবহার করা হয় অর্থাৎ আমাদের অবশ্যই জানতে হয় কিভাবে এক পদ্ধতি থেকে আর এক পদ্ধতিতে রুপান্তর করতে হয়।
কিভাবে এক পদ্ধতি থেকে আর এক পদ্ধতিতে রুপান্তর করতে হয় তা দেওয়া হলো

পরিমাপ	এমকেএস	এফপিএস	এমকেএস থেকে এফপিএস-এ রুপান্তর	এফপিএস থেকে এমকেএস-এ রুপান্তর
	মিটার	গজ	X ১.০৯৩৬	X ০.৯১৪৪
দৈর্ঘ ও প্রস্থ	সেন্টিমিটার	ফুট	X ০.০৩২৮০৮৪	X ৩০.৪৮
	সেন্টিমিটার	ইঞ্চি	X ০.৩৯৩৭	X ২.৫৪
	মিলিমিটার	ইঞ্চি	X ০.০৩৯৩৭	X ২৫.৪
ঋর	কিলোগ্রাম	পাউন্ড	X ২.২০৪৬	X ০.৪৫৩৬
	গ্রাম	আউন্স	X ০.০৩৫৩	X ২৮.৩৫

সময় সবসময় একরকম থাকে তাই সময়কে রুপান্তর করার প্রয়োজন হয় না।

প্রয়োজনীয় তথ্য

১০ মি,মি = ১ সে,মি

১০০ সে,মি = ১ মিটার

১০০০ মি,মি = ১ মিটার

১০০০ গ্রাম = ১ কিলোগ্রাম

১২ ইঞ্চি = ১ ফুট

১৬ আউন্স = ১ পাউন্ড

২০০০ পাউন্ড = ১ টন

এক (১) ইঞ্চি কে সমান ১৬টি ভাগে ভাগ করা হয়েছে।			
১" ⁄ ১৬	*হাফ সুতা*	০.০৬২৫"	১.৫৮৭ মিমি
২" ১" ⁄ *বা* ১৬ ৮	*এক সুতা*	০.১২৫"	৩.১৭৫ মিমি
৩" ⁄ ১৬	দেড় সুতা	০.১৮৭৫"	৪.৭৬২ মিমি
৪" ১" ⁄ *বা* ১৬ ৪	*দুই সুতা*	০.২৫"	৬.৩৫ মিমি
৫" ⁄ ১৬	*আড়াই সুতা*	০.৩১২৫"	৭.৯৩৭ মিমি
৬" ৩" ⁄ *বা* ১৬ ৮	*তিন সুতা*	০.৩৭৫"	৯.৫২৫ মিমি
৭" ⁄ ১৬	সাড়ে তিন সুতা	০.৪৩৭৫"	১১.১১২ মিমি
৮" ১" ⁄ *বা* ১৬ ২	*চার সুতা (হাফ ইঞ্চি)*	০.৫"	১২.৭ মিমি
৯" ⁄ ১৬	সাড়ে চার সুতা	০.৫৬২৫"	১৪.২৮৭ মিমি
১০" ১" ⁄ *বা* ১৬ ১৬	*পাঁচ সুতা*	০.৬২৫"	১৫.৮৭৫ মিমি
১১" ⁄ ১৬	সাড়ে পাঁচ সুতা	০.৬৮৭৫"	১৭.৪৬২ মিমি
১২" ৩" ⁄ *বা* ১৬ ৪	ছয় সুতা (পৌনে এক ইঞ্চি)	০.৭৫"	১৯.০৫ মিমি
১৩" ⁄ ১৬	সাড়ে ছয় সুতা	০.৮১২৫"	২০.৬৩৭ মিমি
১৪" ৭" ⁄ *বা* ১৬ ৮	*সাত সুতা*	০.৮৭৫"	২২.২২৫ মিমি
১৫" ⁄ ১৬	সাড়ে সাত সুতা	০.৯৩৭৫"	২৩.৮১২ মিমি
১৬" ⁄ ১৬ *বা* ১"	*আট সুতা (এক ইঞ্চি)*	১"	২৫.৪ মিমি

সংজ্ঞা ও সূত্র		
সরল রেখার সংজ্ঞা	**সরল রেখার কোন শেষ নেই** **জ্যামিতিক ভাষায় রেখা:** • সোজা হয়ে থাকে (আকাবাকা হবে না) • কোন বেধ নেই • দুই বিন্দু থেকেই রেখা বর্ধণশীল (অসীম)	
সরল রেখায় অংশ রেখা কি	যখন কোন রেখার কোন এক বিন্দু শেষ হবে তাকে অংশ রেখা বলে।	
সরল রেখায় রশ্মি কি	যদি সরল রেখার এক বিন্দুর শেষ থাকে তবে তাকে রশ্মি বলে।	
বর্গক্ষেত্রের ক্ষেত্রফল পরিমাপের সূত্র	 Area = Side x Side (or side^2)	
বর্গক্ষেত্র পরিমাপের সূত্র	 **এরিয়া = দৈর্ঘ X প্রস্থ** **এরিয়া = ৪" x ৪"** **ক্ষেত্রফল = ১৬ ইঞ্চি^{২}**	

অয়তক্ষেত্র পরিমাপের সূত্র	 **ক্ষেত্রফল= দৈর্ঘ X প্রস্থ**	
আয়তক্ষেত্র পরিমাপ করা	 **এরিয়া = দৈর্ঘ X প্রস্থ** **এরিয়া = ৯ সে,মি X ৪ সে,মি** **এরিয়া = ৩৬ সে,মি^{২}**	
বৃত্ত এর অংশ	১. বৃত্তের বিন্দু থেকে যে রেখা বৃত্তের প্রান্তবিন্দু স্পর্শ করে তাকে ব্যাসার্ধ বলে ২. ব্যাস হলো কেন্দ্রকে অতিক্রম করে যাওয়া একটি রেখা যা বৃত্তের দুটি প্রান্তবিন্দুকে স্পর্শ করে। ৩. পরিধি হলো বৃত্তের চারপাশের দূরত্ব (পরিসীমা)	
বৃত্তের ক্ষেত্রফলের সূত্র		

	বৃত্তের ক্ষেত্রফলের = π x (ব্যাসার্ধ)^{২} **বৃত্তের ক্ষেত্রফলের** = 22/7 x (ব্যাসার্ধ x ব্যাসার্ধ) **বৃত্তের ক্ষেত্রফলের** = 3,143 x (ব্যাসার্ধ x ব্যাসার্ধ)	
বৃত্তের ক্ষেত্রফল হিসাব করা	**বৃত্তের ক্ষেত্রফলের** = π x r^2 **বৃত্তের ক্ষেত্রফলের** = 22/7 x (ব্যাসার্ধ x ব্যাসার্ধ) **বৃত্তের ক্ষেত্রফলের** = ৩,১৪৩ x (১৮' x ১৮') **বৃত্তের ক্ষেত্রফলের** = ৩,১৪৩ x ৩২৪ **বৃত্তের ক্ষেত্রফলের** = ১ ০১৮.৩৩ ft^2	
স্কয়ার টাবিং পরিমাপ	যখন কোন স্কয়ার টাবিং পরিমাপ করা হয় তখন অন্যান্য কিছু পরিমাপের প্রয়োজন হয় । দৈর্ঘ্য (L)=প্রয়োজনীয় স্টীলের দৈর্ঘ্য প্রস্থ (W)= স্টীলের প্রস্থ উচ্চতা (H)= স্টীলের উচ্চতা পুরুত্ব (T)= স্টীলের ওয়ালের পুরুত্ব	
এ্যাঙ্গেল আয়রন পরিমাপ	দৈর্ঘ্য (L)-প্রয়োজনীয় স্টীলের দৈর্ঘ্য প্রস্থ (B)-স্টীলের প্রস্থ উচ্চতা (A)= স্টীলের উচ্চতা পুরুত্ব ১= স্টীলের পুরুত্ব পুরুত্ব ২= স্টীলের পুরুত্ব	
চ্যানেল আয়রন পরিমাপ	দৈর্ঘ্য (L)-প্রয়োজনীয় স্টীলের দৈর্ঘ্য প্রস্থ (A)-স্টীলের প্রস্থ উচ্চতা (B)- স্টীলের উচ্চতা পুরুত্ব (C) -স্টীলের ওয়ালের পুরুত্ব	

জেড বার পরিমাপ করা	দৈর্ঘ্য (L)=প্রয়োজনীয় স্টীলের দৈর্ঘ্য প্রস্থ১ (A)= স্টীলের প্রস্থ প্রস্থ ২ (C)- স্টীলের প্রস্থ উচ্চতা (B)- স্টীলের উচ্চতা পুরুত্ব (D) = স্টীলের ওয়ালের পুরুত	

ধাতুর ওজন বের করার পদ্ধতি

ধাতুর ঘনত্ব ঃ একক আয়তনে বস্তু ওজনকে ঘনত্ব বলে। কয়েকটি ধাতুর ঘনত্ব নিম্নে দেওয়া হল

ধাতব পদার্থের নাম	প্রতি ঘন মিলিমিটারে ওজন	প্রতি ঘন সেন্টিমিটারে ওজন	প্রতি ঘন ইঞ্চির ওজন	প্রতি ঘনফুটের ওজন
ঢালাই লোহা (Cast Iron)	০.০০৭২ গ্রাম	৭.২০ গ্রাম	০.১১৭ কেজি	২০৪.১২ কেজি
স্টীল / ইস্পাত (Steel)	০.০০৭৮৭ গ্রাম	৭.৮৭ গ্রাম	০.১২৮ কেজি	২২২.২৬ কেজি
পিতল (Brass)	০.০০৮০৮ গ্রাম	৮.০৮ গ্রাম	০.১৩৪ কেজি	২৩২.২৪ কেজি
কাসা (Bell Metal)	০.০০৮৫ গ্রাম	৮.৫০ গ্রাম	০.১৪১ কেজি	২৩৮.১৪ কেজি
তামা (Copper)	০.০০৮৯ গ্রাম	৮.৯০ গ্রাম	০.১৪৪ কেজি	২৪৯.৪৮ কেজি
টিন (Tin)	০.০০৭৪২ গ্রাম	৭.৪২ গ্রাম	০.১১৯ কেজি	২০৬.৩৮ কেজি
অ্যালুমিনিয়াম (Aluminium)	০.০০২৬৮ গ্রাম	২.৬৮ গ্রাম	০.০৪২ কেজি	৭২.৫৭ কেজি
জিংক (Zinc)	০.০০৭১৩ গ্রাম	৭.১৩ গ্রাম	০.১১৭ কেজি	২০২.১৮ কেজি
লিড (Lead)	০.০১১৩৬ গ্রাম	১১.৩৬ গ্রাম	০.১৮৬ কেজি	৩২১.৪১ কেজি
সোনা (Gold)	০.০১৯৩২ গ্রাম	১৯.৩২ গ্রাম	০.৩১৭ কেজি	৫৪৬.৯১ কেজি
পারদ (Murcury)	০.০১৩৬ গ্রাম	১৩.৬০ গ্রাম	০.২২৩ কেজি	৩৮৫.৩৪ কেজি

বস্তু বা ধাতুর ওজন = বস্তু বা ধাতুর আয়তন × ঘনত্ব (ঘন এক ওজন)

সূত্র ১ ঃ আয়তকার বস্তুর আয়তন = $l \times b \times t$ *ঘনএকক*

আয়তকার বস্তুর ধাতুর ওজন = আয়তন × *ঘনত্ব*

এখানে l = দৈর্ঘ্য, b = প্রস্থ, t = *পুরুত্ব*

উদাহরণ : নিচের মাইল্ড স্টীলের আয়তকার বারটির প্রস্থ ২ *ইঞ্চি*, *পুরুত্ব ০.১২৫* ইঞ্চি এবং দৈর্ঘ্য ১২ ইঞ্চি হলে ওজন কত হবে।



সমাধান: *আয়তন* = ২ × ০.১২৫ × ১২ *ঘনইঞ্চি*

= ৩ *ঘনইঞ্চি*

ওজন = ৩ × ০.১২৮৫ কেজি

= ০.৩৮৫৫ কেজি

সূত্র ২ ঃ *বর্গাকার* বস্তুর আয়তন=$A^2 \times L$ ঘন একক

বর্গাকার বস্তুটির ওজন = $A^2 \times L \times \rho$

এখানে A = বাহুর দৈর্ঘ্য, L = বস্তুর দৈর্ঘ্য, ρ = *ঘনত্ব*



উদাহরণ ঃ *মাইল্ড স্টীল স্কয়ার বারটির ওজন নির্ণয় কর।*

আয়তন = ৩৫ × ৩৫× ৪০০ ঘন মিলিমিটার

= × *৪৯০০০০ ঘনমিলিমিটার*

ওজন = × *(আয়তন ঘনত্ব)*

= *৪৯০০০০ দ্ধ ০.০০৭৮৭ গ্রাম*

= *৩৮৫৬ গ্রাম*

= ৩.৮৬৫ কেজি

সূত্র ৩ ঃ গোলাকার বস্তুর আয়তন $\pi d^{2}/_{4} \times L$

= ০.৭৮৫ × D^2 × L *ঘন একক*

গোলাকার সলিড বস্তুর *ওজন* = $\pi d^{2}/_{4} \times L \times \rho$ *ঘন একক*

= ০.৭৮৫× $D^2 \times L \times \rho$ *ঘন একক*

এখানে, D^2 = *ব্যাস*, L = গোলাকার বস্তুর দৈর্ঘ্য, ρ = *ঘনত্ব*

***উদাহরণ ঃ* নিচের মাইল্ড স্টীলের রাউন্ড বারটির ব্যাস ২ ইঞ্চি ও দৈর্ঘ্য ১০ ইঞ্চি হলে ওজন নির্ণয়:**

সমাধান: *আয়তন* = ০.৭৮৫ × ২ × ১০ *ঘন ইঞ্চি*

= ৩১.৪ *ঘন ইঞ্চি*

ওজন = *(আয়তন দ্ধ ঘনত্ব)*

= ৩১.৪ × ০.১২৮৫ কেজি

= ৪.০৩৪ কেজি

সূত্র ৪ ঃ তিনকোণা বারের ওজন নির্ণয় করার নিয়ম।

ত্রিভুজের আয়তন =১/২ × $a \times h \times l$

ওজন = ১/২ × $a \times h \times l \times \rho$

এখানে, a = বাহুর দৈর্ঘ্য, h = জবের উচ্চতা, l = দৈর্ঘ্য/ ***লম্বা***, ρ = ঘনত্ব

সূত্র ৫ ঃ ছয়কোনা বা হেক্সাগোনাল শ্যাফটের ওজন নির্ণয় *করার নিয়ম:*



ওজন = $\frac{3\sqrt{3}}{2} \times a^2 \times L \times \rho$

অথবা ২.৬০ × $a^2 \times L \times \rho$

এখানে, a = বাহুর দৈর্ঘ্য, L = জবের দৈর্ঘ্য, ρ = ঘনত

সূত্র ৬ ঃ আটকোনা বা অক্টাগোনাল শ্যাফটের ওজন *নির্ণয় করার নিয়ম:*



ওজন = $2(1+\sqrt{2}) \times a^2 \times L \times \rho$

অথবা ৪.৮৩ × $a^2 \times L \times \rho$

এখানে, a = বাহুর দৈর্ঘ্য, খ = জবের দৈর্ঘ্য, ρ = ঘনত্ব

সূত্র ৭ ঃ গোলাকার পাইপের ওজন নির্ণয় করার নিয়ম:

গোলাকার সলিড বস্তুর *ওজন* = $\pi d^2/_8 \times L \times \rho$

= .৭৮৫দ্ধ $D^2 \times D^2 \times L \times \rho$

গোলাকার ফাঁপা অংশের *ওজন* = $\pi d^2/_8 \times (D^2 - d^2) \times L \times \rho$

= ০.৭৮৫$(D^2 - d^2) \times L \times \rho$

এখানে, D = পাইপের বাইরের ব্যাস

d = পাইপের ভেতরের ব্যাস, L = জবের দৈর্ঘ্য, ρ = ঘনত্ব

উদাহরণ ঃ পাইপের বাহিরের ব্যাস ৩ ইঞ্চি, ভিতরের ব্যাস ২ ইঞ্চি ও দৌর্ঘ্য ১২ ইঞ্চি হলে ওজন কত ?

সমাধান: = $\pi^{d2}/_4 \times (D^2 - d^2) \times L$ *ঘন একক*

আয়তন = **.৭৮৫** (৩×৩ - ২×২) দ্ধ **১২** *ঘনইঞ্চি*

= **৪৭.১ ঘনইঞ্চি** × *ধাতুর ওজন = আয়তন ঘনত্ব*

= **৪৭.১** × ০.১২৮৫ কেজি

= **৬.০৫২** কেজি

সেলফ চেক ৩.২

১. পরিমাপের প্রধান দুটি পদ্ধতির নাম কি কি?

২. বৃত্তের ক্ষেত্রফলের সূত্র কি?

৩. বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সূত্র কি?

৪. কাঠের টুকরার ক্ষেত্রফল এর সূত্র কি?

উত্তরপত্র ৩.২

১. এফপিএস (ফুট, পাউন্ড, সেকেন্ড)
এমকেএস (মিটার, কিলোগ্রাম, সেকেন্ড

২. বৃত্তের ক্ষেত্রফলের = $\pi \times r^2$

৩. বর্গক্ষেত্রের সূত্র = (দৈর্ঘ X প্রস্থ) বর্গফুট

৪. কাঠের ক্ষেত্রফল এর সূত্র= (T x W x L) ঘন ফুট

কার্যক্রম শীট ৩.২

কার্যক্রমের নাম	একটি অ্যাঙ্গেল বার এর আয়রন এর পরিমাণ পরিমাপ করা
প্রয়োজনীয় উপকরণ	**প্রয়োজনীয় টুলস্/সরঞ্জামাদী/মালামাল:** প্রযুক্তিগত স্পেসিফিকেশন এবং ড্রয়িং, ক্যালকুলেটর, টেপা, স্কেল, পেন্সিল, কাগজ, কলম, ইরেজার এবং ফাইল, আয়রন অ্যাঙ্গেল
পরিমাপ	
কাজের ধাপসমূহ/পদ্ধতি	১. মালামাল এবং মেজারমেন্ট টুলস সংগ্রহ করুন। ২. অ্যাঙ্গেল এর দৈর্ঘ্য পরিমাপ করুন ৩. অ্যাঙ্গেল এর প্রস্থ পরিমাপ করুন ৪. অ্যাঙ্গেল এর দুই পাশের পুরুত্ব পরিমাপ করুন ৫. অ্যাঙ্গেল এর মোট আয়রন এর পরিমাণ হিসাব করুন। ৬. মালামাল এবং মেজারমেন্ট টুলস পুনরায় জমা দিন ৭. কাজের জায়গা পরিষ্কার করুন।

কার্যক্রম সম্পাদন মানদন্ডের তালিকা ৩.২

মানদন্ড আমি কি.....	হ্যাঁ	না
মালামাল এবং মেজারমেন্ট টুলস সংগ্রহ করেছিলাম?		
অ্যাঙ্গেল এর দৈর্ঘ্য পরিমাপ করেছিলাম?		
অ্যাঙ্গেল এর প্রস্থ পরিমাপ করেছিলাম?		
অ্যাঙ্গেল এর দুই পাশের পুরুত্ব পরিমাপ করেছিলাম?		
অ্যাঙ্গেল এর মোট আয়রন এর পরিমাণ হিসাব করেছিলাম?		
মালামাল এবং মেজারমেন্ট টুলস পুনরায় জমা দিয়েছিলাম?		
কাজের জায়গা পরিষ্কার করেছিলাম?		

সক্ষমতাসমূহের পুনরালোচনা

গ্রিল মেকিং এর মৌলিক কাজ সম্পাদন ককরার জন্য নিম্নে অগ্রগতি নির্ণায়ক মানদন্ডের তালিকা দেয়া হলো-

কার্যসম্পাদন মানদন্ড		হ্যাঁ	না
১.	কাজের ধরণ অনুযায়ী উপকরণ সমূহ নির্বাচন করতে পারা	☐	☐
২.	কাজের ধরণ অনুযায়ী মেটাল সমূহ নির্বাচন করতে পারা	☐	☐
৩.	কাজের ধরণ অনুযায়ী মেটালের বিভিন্ন ফর্ম চিহ্নিত করতে পারা	☐	☐
৪.	প্রয়োজন অনুযায়ী প্রাসঙ্গিক ড্রয়িং সঠিকভাবে চিহ্নিত করতে পারা	☐	☐
৫.	প্রাসঙ্গিক ড্রয়িং থেকে সকল স্পেসিফিকেসন ব্যাখ্যা করতে পারা	☐	☐
৬.	ড্রয়িংয়ে উল্লেখিত শর্তাবলী এবং শব্দ সংক্ষেপগুলো ব্যাখ্যা করতে পারা	☐	☐
৭.	ড্রয়িংয়ে উল্লেখিত চিহ্ন এবং প্রতীকসমূহ সনাক্ত করতে পারা	☐	☐
৮.	কর্মক্ষেত্রের প্রয়োজন অনুসারে নির্ধরিত পরিমাপক ইউনিট ব্যবহার করতে পারা	☐	☐
৯.	প্রয়োজন অনুসারে উপযুক্ত পরিমাপক যন্ত্র নির্বাচন করতে পারা	☐	☐
১০.	উপযুক্ত পরিমাপক যন্ত্র ব্যবহার করে মাপ নিতে পারা	☐	☐
১১.	সংশ্লিষ্ট ড্রয়িং অনুযায়ী কি মালামাল প্রয়োজন তা হিসেব করতে পারা	☐	☐
১২.	কাজের ধরণ অনুযায়ী উপকরণ সমূহ নির্বাচন করতে পারা	☐	☐
১৩.	কাজের ধরণ অনুযায়ী মেটাল সমূহ নির্বাচন করতে পারা	☐	☐
১৪.	কাজের ধরণ অনুযায়ী মেটালের বিভিন্ন ফর্ম চিহ্নিত করতে পারা	☐	☐
১৫.	প্রয়োজন অনুযায়ী প্রাসঙ্গিক ড্রয়িং সঠিকভাবে চিহ্নিত করতে পারা	☐	☐
১৬.	প্রাসঙ্গিক ড্রয়িং থেকে সকল স্পেসিফিকেসন ব্যাখ্যা করতে পারা	☐	☐
১৭.	ড্রয়িংয়ে উল্লেখিত শর্তাবলী এবং শব্দ সংক্ষেপগুলো ব্যাখ্যা করতে পারা	☐	☐
১৮.	ড্রয়িংয়ে উল্লেখিত চিহ্ন এবং প্রতীকসমূহ সনাক্ত করতে পারা	☐	☐
১৯.	কর্মক্ষেত্রের প্রয়োজন অনুসারে নির্ধরিত পরিমাপক ইউনিট ব্যবহার করতে পারা	☐	☐
২০.	প্রয়োজন অনুসারে উপযুক্ত পরিমাপক যন্ত্র নির্বাচন করতে পারা	☐	☐
২১.	উপযুক্ত পরিমাপক যন্ত্র ব্যবহার করে মাপ নিতে পারা	☐	☐
২২.	সংশ্লিষ্ট ড্রয়িং অনুযায়ী কি মালামাল প্রয়োজন তা হিসেব করতে পারা	☐	☐

এখন আমি আনুষ্ঠানিক যোগ্যতার মূল্যায়নে নিজেকে প্রস্তুত মনে করছি।

স্বাক্ষরঃ **তারিখঃ**

ইউনিট টাইটেলঃ গ্রিল মেকিং কাজের জন্য টুলস ব্যবহার করা

মডিউলের বর্ণনাঃ এই মডিউলটি গ্রিল মেকিং কাজের জন্য টুলস ব্যবহার করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ নিয়ে আলোকপাত করা হয়েছে। এতে টুলস চিহ্নিত করা, হ্যান্ড টুলস ব্যবহার করা, পাওয়ার টুলস ব্যবহার করা এবং প্রাথমিক প্রিভেন্টিভ মেইনটেন্যান্স (প্রতিরোধী রক্ষণাবেক্ষণ) অনুশীলন করা বিষয়গুলো অন্তর্ভূক্ত করা হয়েছে।

নূন্যতম সময়কাল ঃ ৫০ ঘন্টা

শিখনফল:

এই মডিউল হতে শিক্ষার্থীরা নিমোক্ত শিখনফল জানতে পারবেন।

১. টুলস চিহ্নিত করা
২. হ্যান্ড টুলস ব্যবহার করা
৩. পাওয়ার টুলস ব্যবহার করা
৪. প্রাথমিক প্রিভেন্টিভ মেইনটেন্যান্স (প্রতিরোধী রক্ষণাবেক্ষণ) অনুশীলন করা
৫. কাজের জায়গা, যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ রক্ষণাবেক্ষণ করা

মূল্যায়নের মানদন্ড ঃ

১. কাজের ধরণ অনুযায়ী পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা পদ্ধতি অনুশীলন করতে পারা
২. কাজের ধরণ অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) পরিধান করতে পারা
৩. কাজের ধরণ অনুযায়ী উপযুক্ত হ্যান্ড টুলস্ নির্বাচন করতে পারা
৪. কাজের ধরণ অনুযায়ী উপযুক্ত পাওয়ার টুলস্ নির্বাচন করতে পারা
৫. টুলস্ সমূহের ব্যবহার বর্ণনা করতে পারা
৬. কর্মক্ষেত্রের কার্যপ্রণালী অনুযায়ী হ্যান্ড টুলস্ প্রস্তুত করতে পারা
৭. সঠিক ভাবে হাত-চোখের সমন্বয়ের মাধ্যমে হ্যান্ড টুলস্ ব্যবহার করতে পারা
৮. নিরাপত্তার প্রয়োজনে কাজের পূর্বে, কাজের সময় এবং কাজের শেষে নিরাপত্তা বিধি পালন করতে পারা
৯. ত্রুটিপূর্ণ টুলস চিহ্নিত এবং মেরামতের জন্য রিপোর্ট আলাদা করতে পারা
১০. বিদূৎ সরবরাহের উৎস চিনতে পারা
১১. কর্মক্ষেত্রের কার্যপ্রণালী অনুযায়ী পাওয়ার টুলস্ প্রস্তুত করতে পারা
১২. প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করতে বিদ্যুৎ সরবরাহের জন্য নিরাপদ লাইন স্থাপন করতে পারা
১৩. স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুসরণ করে কাজের প্রয়োজন অনুসারে পাওয়ার টুলস্ ব্যবহার করতে পারা
১৪. কর্মক্ষেত্রের নির্দেশনা অনুযায়ী যন্ত্রপাতি এবং সরঞ্জাম সমূহ পরিষ্কার করতে পারা
১৫. কাজের প্রয়োজন অনুযায়ী যন্ত্রপাতি ও সরঞ্জাম সমূহে লুব্রিকেন্ট (তেল) প্রয়োগ করতে পারা
১৬. কর্মক্ষেত্রের কার্যপ্রনালী অনুযায়ী যন্ত্রপাতি সমূহ পরীক্ষা এবং সুপারভাইজারের নিকট রিপোর্ট করতে পারা
১৭. কর্মক্ষেত্র পরিষ্কার এবং অবাঞ্ছিত/অপ্রয়োজনীয় উপকরণ অপসারণ করতে পারা
১৮. যন্ত্রপাতি, সরঞ্জাম এবং উপকরণসমূহ নির্মাতা প্রতিষ্ঠানের নির্দেশনা অনুযায়ী পরিষ্কার করতে পারা
১৯. যন্ত্রপাতি, সরঞ্জাম এবং উপকরণসমূহ কর্মক্ষেত্রের নিয়ম অনুযায়ী পুনরায় জমা করা
২০. ত্রুটিপূর্ণ যন্ত্রপাতি, সরঞ্জাম এবং উপকরণসমূহ চিহ্নিত ও পৃথক করে সুপারভাইজরকে রিপোর্ট করতে পারা
২১. কর্মক্ষেত্রের নিয়ম অনুযায়ী কমক্ষেত্রটি পরিষ্কার করতে পারা
২২. পরিত্যক্ত উপকরণসমূহ নির্দিষ্ট স্থানে ফেলতে পারা

শিখনফল ১: টুলস সনাক্ত করা

বিষয়বস্তুঃ

১. টুলস এর সংজ্ঞা।
২. টুলস'এর প্রকারভেদ
৩. গ্রিল তৈরীর কাজে ব্যবহৃত হ্যান্ড টুলস নির্বাচন করা
৪. গ্রিল তৈরীর কাজে ব্যবহৃত পাওয়ার টুলস নির্বাচন করা

মূল্যায়নের মানদন্ডঃ

১. কাজের ধরণ অনুযায়ী পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা পদ্ধতি অনুশীলন করতে পারা
২. কাজের ধরণ অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) পরিধান করতে পারা
৩. কাজের ধরণ অনুযায়ী উপযুক্ত হ্যান্ড টুলস্ নির্বাচন করতে পারা
৪. কাজের ধরণ অনুযায়ী উপযুক্ত পাওয়ার টুলস্ নির্বাচন করতে পারা

শিখন উপকরণ ঃ

১. রেফারেন্স বই
২. গ্রিল তৈরীর সিবিএলএম
৩. মডিউল বা রেফারেন্স

শিখন কার্যক্রম ৪

শিখন ফল ১ ঃ টুলস সনাক্ত করা

শিখন কার্যক্রম	বিশেষ নির্দেশনা
শিখন কার্যক্রম ৪.১: গ্রিল তৈরীর কাজের জন্য হ্যান্ড ও পাওয়ার টুলস নিবাচন করা	▪ **ইনফরমেশন শীট ৪.১** পড়ুন ▪ **সেলফ চেক ৪.১** সম্পন্ন করুন ▪ **উত্তরপত্র ৪.১** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন ▪ **কার্যক্রম শীট ৪.১** অনুসারে কাজ করুন

ইনফরমেশন শীট ৪.১: গ্রিল তৈরীর কাজের জন্য টুলস নির্বাচন করা

শিখনের উদ্দেশ্যসমূহ: এই তথ্যপত্রে গ্রিল তৈরীর কাজে ব্যবহৃত যন্ত্রপাতি ও সরঞ্জাম নির্বাচনের মৌলিক জ্ঞান, দক্ষতা ও আচরণ নিয়ে আলোকপাত করা হয়েছে।

ভূমিকা: প্রত্যেক পেশায় কাজের জন্য নির্দিষ্ট কিছু যন্ত্রপাতি থাকে এবং গ্রিল তৈরীর কাজের ক্ষেত্রেও এর কোন বিকল্প নেই। গ্রিল তৈরীর অবশ্যই গ্রিল তৈরীর পেশায় ব্যবহৃত সব ধরণের হ্যান্ড ও পাওয়ারটুলস'(যন্ত্রপাতি) এর ব্যবহার জানতে হবে। সঠিক সময়ে মানসম্পন্ন পণ্য তৈরি করতে কাজের জন্য সঠিক টুলস ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ।

টুলস একটি সহায়ক যন্ত্র যা একটি কাজ সম্পন্ন করতে ব্যবহার করা হয়ে থাকে। গ্রিল তৈরীর কাজে বিভিন্ন ধরণের টুলস'ব্যবহৃত হয়ে থাকে। টুলস'গুলোকে প্রধানত দুইটি শ্রেণীতে আলাদা করা যায়:

১. হ্যান্ড টুলস
২. পাওয়ার টুলস
   ক) পোর্টেবল (বহনযোগ্য) পাওয়ার টুলস্
   খ) ভারী পাওয়ার টুলস্

হ্যান্ড টুলস

হ্যান্ড টুলস'বলতে সেই টুলস'বুঝায় যেগুলো ব্যবহার করার জন্য অন্য পাওয়ার (শক্তির) অথবা মেশিনের প্রয়োজন হয় না, শুধুমাত্র গায়ের শক্তি ব্যবহার করতে হয়। নিম্নোক্ত ছকে যেসকল টুলস'উল্লেখ/অর্ন্তভূক্ত করা হয়েছে সেগুলো সাধারণত সকল কার্পেন্টারই তাদের কাজের ক্ষেত্রে ব্যবহার করে থাকে। এই তালিকায় উল্লেখিত টুলস্-এর সংখ্যা খুবই সামান্য , এর বাইরেও অসংখ্য টুলস'আছে যেগুলো গ্রিল তৈরীর কাজে ব্যবহার করা হয়ে থাকে।

নিচে হ্যান্ড ও পাওয়ার টুলস এর তলিকা দেওয়া হলো:

নাম	*বল পিন হ্যামার*	**নাম**	ম্যালেট হ্যামার
নাম	সেন্টার পাঞ্চ	**নাম**	এডজাস্টেবল রেঞ্চ
নাম	বেঞ্চ ভাইস	**নাম**	কম্বিনেশন প্লায়াস

নাম	চিজেল (Chisel)	**নাম**	ফ্ল্যাট স্ক্রু ড্রাইভার
নাম	স্টার স্ক্রু ড্রাইভার	**নাম**	*হ্যাকস্* (HACK SAW)
নাম	ট্রাই স্কয়ার	**নাম**	ওয়েল্ড গেজ
নাম	ভাইস গ্রিপ	**নাম**	মেজারমেন্ট টেপ

নাম	ফ্ল্যাট ফাইল	নাম	টং
নাম	এনভিল	নাম	রিভিট গান
পাওয়ার টুলস এর তলিকা দেওয়া হলো:			
নাম	হাই স্প্রিড (**High speed cutter)**	নাম	কাট অপ স (Cut off Saw machine)
নাম	Pedestal drill Machine	নাম	ইলেকট্রিক হ্যান্ড ড্রিল
নাম	গ্রাইন্ডিং মেশিন	নাম	শীট বেন্ডিং মেশিন - ম্যানুয়াল

সেলফ চেক ৪.১

পার্ট ১: গ্রিল তৈরীর কাজে ব্যবহৃত টুলস সনাক্ত করা			
নিচের বক্তব্যগুলো মনোযোগ সহকারে পড়ুন। সঠিক উত্তরটি যাচাই করুন। এরপর আপনার উত্তর পত্রে শুধু মাত্র সঠিক উত্তরটি লিখুন।			
নাম		**নাম**	
নাম		**নাম**	
নাম		**নাম**	
নাম		**ইাম**	

নাম		নাম	
নাম		নাম	

উত্তরপত্র ৪.১

পার্ট ১: গ্রিল তৈরীর কাজে ব্যবহৃত টুলস সনাক্ত করা			
নিচের বক্তব্যগুলো মনোযোগ সহকারে পড়ুন। সঠিক উত্তরটি যাচাই করুন। এরপর আপনার উত্তর পত্রে শুধু মাত্র সঠিক উত্তরটি লিখুন।			
নাম	এঙ্গেল গাইন্ডার	**ইাম**	রিভেট গান
নাম	পাডেস্টাইল ড্রিল মেশিন	**ইাম**	ট্রাই স্কয়ার
নাম	ওয়েল্ডিং গেজ	**নাম**	ভাইস

নাম	*বল পিন হ্যামার*	নাম	ফ্ল্যাট স্ক্রু ড্রাইভার
নাম	স্টার স্ক্রু ড্রাইভার	**নাম**	মেজারমেন্ট টেপ

কার্যক্রম শীট ৪.১

কার্যক্রমের নাম	গ্রিল কাজের জন্য টুলস নির্বাচন করা ।
উদ্দেশ্য	গ্রিল কাজের জন্য টুলস নির্বাচন করতে পারবে ।
প্রয়োজনীয় উপকরণ	কাগজ, কলম, লেভেল ট্যাগ, বিভিন্ন ধরণের হ্যান্ড টুল এবং পাওয়ার টুলস।
কাজের ধাপসমূহ	১. কাজের ধরণ চিহ্নিত করুন। ২. কাজের ধরণ অনুসারে সঠিক হ্যান্ড টুলস'নির্বাচন করুন। ৩. নির্দিষ্ট কাজের জন্য হ্যান্ড টুল ব্যাবহার করুন। ৪. কাজ শেষে হ্যান্ড টুলস'পরিষ্কার করুন। ৫. উপকরণেরগুলো পুনরায় জমা দিন। ৬. কাজের জায়গা পরিষ্কার করুন।
বিশেষ নির্দেশনা: প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৪ টি টুলস প্রদান করা হল।। প্রত্যেক প্রশিক্ষণার্থী প্রতিটি হ্যান্ড টুলস এবং পাওয়ার টুলস এর নাম প্রদত্ত কাগজে লিখুন এবং কাগজগুলোকে প্রতিটি চিহ্নিত টুলসের সামনে রাখুন। আপনাদের কার্যক্রম শেষ হওয়ার পর প্রশিক্ষককে আপনার কাজটি মূল্যায়নের মানদন্ড অনুযায়ী যাচাই করতে অনুরোধ করুন।	

কার্যক্রম সম্পাদন মানদন্ডের তালিকা ৪.১

মানদন্ড	হ্যা	না
সকল টুলস্‌গুলো কী সনাক্ত করা হয়েছিল?		
প্রতিটি টুলস্‌-এর ব্যবহার ঠিকভাবে ব্যাখ্যা করা হয়েছিল কী?		
সকল টুলস্‌গুলো ব্যবহার করার পর পরিষ্কার করা হয়েছিল কী?		
কাজের জাযগা পরিষ্কার করা হয়েছিল কী?		
টুলস'ও মালামাল পুনরায় জমা দেওয়া হয়েছিল কী?		

শিখন ফল ২: গ্রিল তৈরী কাজে হ্যান্ড টুলস এর ব্যবহার

বিষয়বস্তুঃ

১. হ্যান্ড টুলস এর সংঙ্গা
২. হ্যান্ড টুলস এর ব্যবহার
৩. হ্যান্ড টুলস এর প্রকারভেদ

মূল্যায়নের মানদন্ডঃ

১. কর্মক্ষেত্রের কার্যপ্রণালী অনুযায়ী হ্যান্ড টুলস্ প্রস্তুত করতে পারা
২. সঠিক ভাবে হাত-চোখের সমন্বয়ের মাধ্যমে হ্যান্ড টুলস্ ব্যবহার করতে পারা
৩. নিরাপত্তার প্রয়োজনে কাজের পূর্বে, কাজের সময় এবং কাজের শেষে নিরাপত্তা বিধি পালন করতে পারা
৪. ত্রুটিপূর্ণ টুলস চিহ্নিত এবং মেরামতের জন্য রিপোর্ট আলাদা করতে পারা

শিখন উপকরণ ঃ

৪. রেফারেন্স বই
৫. সিবিএলএম
৬. মডিউল বা রেফারেন্স

শিখন কার্যক্রম - ৫

শিখন ফলঃ গ্রিল তৈরী কাজে হ্যান্ড টুলস এর ব্যবহার।

শিখন কার্যক্রম	বিশেষ নির্দেশনা
শিখন কার্যক্রম ৫.১: ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম ব্যবহার করা	▪ **ইনফরমেশন শীট ৫.১** পড়ুন ▪ **সেলফ চেক ৫.১** সম্পন্ন করুন ▪ **উত্তরপত্র ৫.১** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন ▪ **কার্যক্রম শীট ৫.১** অনুসারে কাজ করুন
শিখন কার্যক্রম ৫.২: মেজারমেন্ট টেপ ব্যবহার করা	▪ **ইনফরমেশন শীট ৫.২** পড়ুন। ▪ **সেলফ চেক ৫.২** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ৫.২** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন। ▪ **কার্যক্রম শীট ৫.২** অনুসারে কাজ করুন।
শিখন কার্যক্রম ৫.৩: হ্যাক স'ব্যবহার করে ফ্লাটবার কাটা।	▪ **ইনফরমেশন শীট ৫.৩** পড়ুন। ▪ **সেলফ চেক ৫.৩** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ৫.৩** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন। ▪ **কার্যক্রম শীট ৫.৩** অনুসারে কাজ করুন।
শিখন কার্যক্রম ৫.৪: চিজেল ব্যবহার করা	▪ **ইনফরমেশন শীট ৫.৪** পড়ুন। ▪ **সেলফ চেক ৫.৪** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ৫.৪** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন। ▪ **কার্যক্রম শীট ৫.৪** অনুসারে কাজ করুন।

ইনফরমেশন শীট ৫.১ গ্রিল তৈরীর সময় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম সনাক্তকরন এবং ব্যবহার করা

শিখনের উদ্দেশ্যসমূহ: এই ইনফরমেশন শীট সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা ফিনিশিং কার্পেন্ট্রি কাজে প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম ব্যবহার করার প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ অর্জন করতে পারবেন।

ভূমিকা: স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকি থেকে রক্ষা পাওয়ার জন্য কর্মী কর্তৃক পরিহিত বিশেষায়িত পোশাক বা সরঞ্জাম হলো নিরাপত্তা সরঞ্জাম (পিপিই)। শরীরের বিভিন্ন অংশকে (চোখ, মাথা, মুখ, হাত, পা, এবংকান) সুরক্ষিত করার জন্য ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম তৈরী করা হয়।

পিপিই-এর গুরুত্ব	ওয়েল্ডিং স্পার্ক, মেটাল শেভিং-এর মতো ফাইন ডাস্ট, ফাইবার গ্লাস, ইনসুলেশন ইত্যাদি ক্ষতিকারক রাসায়নিক পদার্থকে শরীর থেকে দূরে রাখা।
সাধারণ ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম	

সেফটি গ্লাস

বিভিন্ন ধরনের কাজের সময় চোখকে সুরক্ষিত করার জন্য পরিধান করা হয়। উড়ন্ত কণা, ধুলো, এমনকি তরল পদার্থ থেকে চোখকে সুরক্ষিত করার জন্য এগুলো পরিধান করা হয়।

হেলমেট

সাধারণত মাথাকে সুরক্ষিত করার জন্য একটি অনমনীয় খোলস (শেল) হিসাবে হার্ড হ্যাট বা হেলমেট তৈরী করা হয়। অধিকাংশ টুপির ভিতরে ঘাতশোষক ব্যবস্থা থাকে এবং কিছু টুপিতেবৈদ্যুতিক শক থেকে রক্ষা করার জন্য নিরোধক (ইনসুলেশন) থাকে।

এপ্রোন কোনো ব্যক্তিকে কাজের সাইটে দৃশ্যমান করার জন্য ভিজিবিলিটি ভেস্ট পরিধান করতে হয়। সাধারণত হলুদ রঙের মতো উজ্জল রঙের ধোলাই করা যায় এমন কাপড়ের উপর ফিতাযুক্ত করে তৈরী করা হয়।	
সেফটি সু পদযুগলকে বিভিন্ন ধরনের আঘাত থেকে রক্ষা করার জন্য সাধারণত স্টীলের অগ্রভাগ দিয়ে এই বুট তৈরী করা হয়।	
হ্যান্ড গ্লোভস ধারালো প্রান্ত বা ক্ষতিকর দ্রাবক পদার্থের প্রত্যক্ষ সংস্পর্শজনিত আঘাত থেকে হাতকে রক্ষা করার জন্য এইগুলি তৈরী করা হয়।	
Leather apron : এটা শরিরের সামনের পাশকে শুধু রক্ষা করে। গ্যাস ওয়েল্ডিং এ বেশি ব্যবহার হয়।	
ডাস্ট মাস্ক সুক্ষ্ম ধুলা, ধোঁয়া, সিমেন্টের ময়লার সাথে মিশ্রিত চুন ইত্যাদি শ্বাসের সাথে প্রবেশ করা থেকে রক্ষা পাওয়ার জন্য এইগুলি তৈরী করা হয়।	
Protective sleeves: are made from leather to protect the arms.	

সেফটি বেল্ট উচ্চ স্থানে কাজ করার সময় কর্মীকে পড়ে যাওয়া থেকে রক্ষা করার জন্য সেফটি বেল্ট পরিধান করা হয়।	
এয়ার মাফস্ আবদ্ধ গোলযোগপূর্ণ স্থানে কাজ করার সময় কর্মীর শ্রবনশক্তি নষ্ট হওয়া থেকে রক্ষা করার জন্য এয়ার মাফস'ব্যবহার করা হয়।	
গ্যাস মাস্ক বিষাক্ত ধোঁয়া এবং গ্যাস শ্বাসের সাথে গ্রহণ করা থেকে রক্ষা পাওয়ার জন্য গ্যাস মাস্ক পরিধান করা হয়।	

নিরাপত্তা	যে কোন প্রকার প্রতিকুল অবস্থাকে প্রতিরোধের মাধ্যমে নিরাপদের সহিত কাজ করাকে Safety বা নিরাপত্তা বলে।
নিরাপত্তার প্রকারভেদ	
ব্যক্তিগত নিরাপত্তা	সম্ভাব্য সকল প্রকার বিপদ থেকে নিজেকে রক্ষা করাকে ব্যক্তিগত নিরাপত্তা বলে। যেমন ঃ- ক) চোখকে রক্ষা করার জন্য হেলমেট বা হ্যান্ড শিল্ড ব্যবহার করা। খ) হাতকে রক্ষা করার জন্য হ্যান্ড গে-*ভস ব্যবহার করা।* গ) বৈদ্যুতিক দুর্ঘটনার জন্য সেফটি সু ব্যবহার করা। ঘ) সপে পর্যাপ্ত পরিমান বায়ু প্রবাহের ব্যবস্থা থাকা। ঙ) শরীরকে রক্ষার জন্য এপ্রোণ ব্যবহার করা। ইত্যাদি।
টুলস্ ও ইকুইপমেন্ট বা যন্পপ্র াতি ও সরঞ্জামের নিরাপত্তা	টুলস্ ও ইকুইপমেন্ট বা যন্পপ্র াতি ও সরঞ্জামের নিরাপত্তা : কোন প্রকার ক্ষতি সাধন না করে ওয়েল্ডিং কার্য সম্পন্ন করিয়া যন্ত্রপাতিগুলোকে যথাস্থানে সংরক্ষণ করে রাখাকে যন্ত্রপাতি বা সরঞ্জামের নিরাপত্তা বলে যেমন ঃ সঠিক নিয়মে মেশিন চালু করা। কাজ শেষে মেশিন অবশ্যই বন্ধ করা। কাজের জায়গা পরিস্কার পরিচ্ছন্ন রাখা। কোন প্রকার গোলযোগ দেখা দিলে সাথে সাথে মেশিন বন্ধ করা এবং মেরামতের ব্যবস্থা নেওয়া।

	বৈদ্যুতিক সংযোগ সমূহ মাঝে মাঝে পরীক্ষা করা ইত্যাদি।
ওয়ার্কসপ নিরাপত্তা	*ওয়ার্কসপ বা অন্যান্য নিরাপত্তা ঃ* সকল প্রকার দুর্ঘটনার হাত হইতে সপকে রক্ষা করাকে সপের নিরাপত্তা বলে। যেমন ঃ- চ) বৈদ্যুতিক ক্যাবল ইনসুলেটেড হতে হবে। ছ) দাহ্য পদার্থের ধারক পরিস্কার করে ওয়েল্ডিং করা। জ) আগুন নিভানোর উপকরণ, পানি, বালি ও ফায়ার এক্সটিংগুলার ইত্যাদির ব্যবস্থা থাকতে হইবে। ঝ) দৈবক্রমে আগুন লাগলে ফায়ার ব্রিগেডকে সংবাদ দেওয়া। ঞ) সপ সর্বদা পরিস্কার ট) পরচ্ছন্ন রাখা।

সেলফ চেক ৫.১

প্রশ্ন ১. গ্রিল মেকিং কাজে ব্যবহৃত ৫টি পিপিই-এর তালিকা করুন।

প্রশ্ন ২: নিচের ছকে প্রদত্ত পিপিইগুলোর নাম ও কাজ লিখুন

নাম		**নাম**	
ব্যবহার		**ব্যবহার**	
নাম		**নাম**	
ব্যবহার		**ব্যবহার**	
নাম		**নাম**	
ব্যবহার		**ব্যবহার**	

উত্তরপত্র ৫.১

উত্তর ১. হার্ড হ্যাট, গ্লাভস, গগলস্, সেফটি সু, হাই ভিজিবিলিটি ভেস্ট, সেফটি বেল্ট

উত্তর ২:

নাম	সেফটি গ্লাস	**নাম**	সেফটি হার্ড হ্যাট (শক্ত টুপি)
ব্যবহার	কাজের সময় চোখকে সুরক্ষিত করার জন্য পরিধান করা হয়	**ব্যবহার**	পড়ন্ত বস্তুর থেকে মাথাকে সুরক্ষিত করার জন্য
নাম	ভিজিবিলিটি ভেস্ট (দৃশ্যমান পোশাক)	**নাম**	সেফটি বুট
ব্যবহার	কোনো ব্যক্তিকে কাজের সাইটে দৃশ্যমান করার জন্য ভিজিবিলিটি ভেস্ট পরিধান করতে হয়।	**ব্যবহার**	পদযুগলকে বিভিন্ন ধরনের আঘাত থেকে রক্ষা করার জন্য
নাম	ডাস্ট মাস্ক	**নাম**	সেফটি বেল্ট
ব্যবহার	সুক্ষ্ম ধুলা, ধোঁয়া, সিমেন্টের ময়লার সাথে মিশ্রিত চুন ইত্যাদি শ্বাসের সাথে প্রবেশ করা থেকে রক্ষা পাওয়ার	**ব্যবহার**	উচ্চ স্থানে কাজ করার সময় কর্মীকে পড়ে যাওয়া থেকে রক্ষা পাওয়ার জন্য

কার্যক্রম শীট ৫.১

কার্যক্রমের নাম: ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম পরিধান করা	
উদ্দেশ্য	ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম সনাক্ত করুন এবং কাজের ধরণ অনুযায়ী ব্যবহার করা।
প্রয়োজনীয় উপকরণ	হার্ড হ্যাট, সেফটি জুতা, সেফটি গগলস্, গ্লাভস এবং শু/গামবুট
কাজের ধাপসমূহ	১. ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম সংগ্রহ করুন ২. নিরাপত্তা সরঞ্জামের অবস্থা চেক করুন ৩. নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার করুন ৪. নিরাপদ স্থানে নিরাপত্তা সরঞ্জামসমূহ যথাযথ স্থানে সংরক্ষণ করুন

কর্ম সম্পাদন মানদন্ডের তালিকা ৫.১

মানদন্ড আমি কি.....	হ্যা	না
ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম সংগ্রহ করেছিল?		
নিরাপত্তা সরঞ্জামের অবস্থা চেক করেছিল?		
নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার করেছিল?		
নিরাপত্তা সরঞ্জাম মেরামত করেছিল?		
নিরাপদ স্থানে নিরাপত্তা সরঞ্জামসমূহ যথাযথ স্থানে সংরক্ষণ করেছিল?		

ইনফরমেশন শীট ৫.২: মেজারমেন্ট টেপ ব্যবহার করা

শিখনের উদ্দেশ্যসমূহ: এই ইনফরমেশন শীটটি সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা গ্রিল মেকিং কাজে মেজারমেন্ট টেপ ব্যবহার করতে পারবেন।

প্লাস্টিক মেজারমেন্ট টেপ	**মেটাল স্ট্রিপ মেজারমেন্ট টেপ**

মেজারমেন্ট টেপ ব্যবহার করে যে কোন দিকের দুরত্ব এবং বাঁকা দিক পারিমাপ করা যায়। উদাহরণস্বরুপ ফ্লোর থেকে ছাদের দূরত্ব। কার্পেন্ট্রি কাজে বিভিন্ন মালামালের দূরত্ব পরিমাপ করতে হয় যেমন দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা, গভীরতা ইত্যাদি।

মেজারমেন্ট টেপে সাধারণত মেট্রিক পদ্ধতিতে পরিমাপগুলো অংকিত থাকে। এই মাপগুলো বড় করে লেখা এবং লম্বা দাগ টানা থাকে। প্রত্যেকটি লম্বা দাগগুলোকে ইঞ্চি লাইন বলা হয়।



প্রত্যেক ইঞ্চির ঠিক মাঝে একটি দাগ থাকে যা হাফ ইঞ্চি মার্ক। এই দাগগুলো ইঞ্চি দাগের পর দ্বিতীয় লম্বা দাগ



হাফ ইঞ্চি দাগের পর আসে কোয়র্টার ইঞ্চি দাগ। এই দাগগুলো সরু এবং হাফ ইঞ্চি দাগ থেকে একটু ছোট হয়। প্রতি ইঞ্চিতে সমান দুরত্বে চারটি কোয়ার্টার ইঞ্চি দাগ টানা থাকে।



কোয়ার্টার ইঞ্চির দাগের পরে ১/৮ ইঞ্চি দাগ টানা থাকে যা প্রত্যেকটি কোয়ার্টার ইঞ্চি দাগের মাঝখানে থাকে। প্রত্যেক ইঞ্চিতে ৮ টি করে ১/৮ ইঞ্চি দাগ থাকে।	
মাপ নেওয়ার পদ্ধতি	
মেজারমেন্ট নেওয়ার জন্য একটি মেজারমেন্ট টেপ নেন। এক হাত দিয়ে হুক ধরুন এবং অন্য হাত দিয়ে মেজারমেন্ট টেপের প্রান্ত ধরুন।	
টেপকে অল্প একটু টেনে বের করুন। শুণ্য লেখা লেখা প্রান্তটি যেখান থেকে মাপা শুরু করবেন সেখানে আটকান এবং অন্য দিকে প্রয়োজন অনুযায়ী ধীরে ধীরে টানতে থাকুন। নির্দিষ্ট স্থানে আসার পর থামুন।	
টেপ থেকে সরাসরি পাঠ (রিডিং) নেওয়ার জন্য যে প্রান্তে মাপ নিতে চান সে প্রান্তে টেপের দিকে তাকান। প্রয়োজনী মাপে আসার পর যে অংকটি ভেসে আসে সেই অংকটিই প্রয়োজনীয় মাপ।	
মেটাল মাপার পদ্ধতি	
ধাপ ১: মেটালের **দৈর্ঘ্য মাপুন**।	

ধাপ ২: : মেটালের পুরুত প্রস্থ মাপুন। সর্বদা মনে রাখুন দৈর্ঘ্য ফুটে না মেপে ইঞ্চিতে মেপে থাকেন তাহলে প্রস্থটিও ইঞ্চিতে মাপুন। সামঞ্জস্যতা বজায় রাখতে হবে।	
ধাপ ৩: মেটালের পুরুত্ব পরিমাপ করুন	

কার্যক্রম শীট ৫.২

কার্যক্রমের নাম: মেজারমেন্ট টেপ ব্যবহার করে মেটাল পরিমাপ করা	
উদ্দেশ্য	এই কার্যক্রমে অনুশীলনের মাধ্যমে প্রশিক্ষণার্থীরর মেজারমেন্ট টেপ ব্যবহার করে মেটাল পরিমাপ করতে পারবে।
উপকরণ	মেজারমেন্ট টেপ, পেন্সিল এবং মেটাল।
কাজের ধাপসমূহ	১. টুলস'ও ড্রয়িং সংগ্রহ করুন। ২. মেটালের দৈর্ঘ্যের শুরুর বিন্দু অর্থাৎ এক কোণা সনাক্ত করুন। ৩. মেটালের দৈর্ঘ্যের শেষ বিন্দু অর্থাৎ অন্য কোণা সনাক্ত করুন। ৪. দৈর্ঘ্যের মাপ নিন। ৫. প্রস্থ পরিমাপ করতে ধাপ ২ ও ৩ পুনরায় করুন। ৬. প্রস্থের মাপ নিন। ৭. উচ্চতা বা পুরুত্ব পরিমাপ করতে ধাপ ২ ও ৩ পুনরায় করুন। ৮. উচ্চতা বা পুরুত্বের মাপ নিন। ৯. কাজের জায়গা ও পরিমাপ টুলস'পরিস্কার করুন। ১০. টুলস'ও মালামাল পুনরায় জমা দিন। কাজ সম্পন্ন হওয়ার পর আপনার প্রশিক্ষককে অবগত করুন এবং তাকে এই কার্যক্রমের চেকলিস্ট অনুযায়ী কার্যক্রমটি যাচাই করার জন্য অনুরোধ করুন।

কর্ম সম্পাদন মানদন্ডের তালিকা ৫.২

মানদন্ড আমি কি.....		হ্যাঁ	না
১.	টুলস'ও ড্রয়িং সংগ্রহ করেছিলাম?		
২.	মেটালের দৈর্ঘ্যের শুরুর বিন্দু অর্থাৎ এক কোণা সনাক্ত করেছিলাম?		
৩.	মটালের দৈর্ঘ্যের শেষ বিন্দু অর্থাৎ অন্য কোণা সনাক্ত করেছিলাম?		
৪.	দৈর্ঘ্যের মাপ নিয়েছিলাম?		
৫.	প্রস্থ পরিমাপ করতে ধাপ ২ ও ৩ পুনরায় করেছিলাম?		
৬.	প্রস্থের মাপ নিয়েছিলাম?		
৭.	উচ্চতা বা পুরুত্ব পরিমাপ করতে ধাপ ২ ও ৩ পুনরায় করেছিলাম?		
৮.	উচ্চতা বা পুরুত্বের মাপ নিয়েছিলাম?		
৯.	কাজের জায়গা ও পরিমাপ টুলস'পরিস্কার করেছিলাম?		
১০.	টুলস'ও মালামাল পুনরায় জমা দিয়েছিলাম?		

ইনফরমেশন শীট ৫.৩: হ্যাক সব্যবহার করে মেটাল কাটা

শিখনের উদ্দেশ্যাবলী: এই ইনফরমেশন শীট সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা হ্যাক স' ব্যবহার করে মেটাল কাটার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ অর্জন করতে পারবেন।

হ্যাক স: যে কোন মেটালকে কাটা বা *কর্তন করার জন্য হ্যাক স' ব্যবহার করা হয়।* এই স'এর দাতগুলো সামনের দিকে সামান থাকে কিন্তু পিছনের দিকে ৮° বাঁকানো থাকে।



হ্যাক স'ব্যবহার করে মেটাল কাটার পদ্ধতি

মেটাল (ধাতু) পিসের উপর নির্দিষ্ট এরিয়া কাটার জন্য মার্কার, চক অথবা স্ক্রাইবার দিয়ে দাগ দিন ।	
মেটাল (ধাতু) পিসের মার্ক করা জায়গাটি ভাইসের বাইরের দিকে রেখে এর সাথে আটকে রেখে দিন ।	
হ্যাক স এর স্ক্রু টি ঢিলা করুনএবং স্ক্রু টি ঘুরিয়ে ব্লেড এর টান ছাড়ান ।	

মেটাল (ধাতু)কাটার জন্য এর জন্য মানানসই টিপিআই (TPI) সম্বলিত সঠিক হ্যাক স ব্লেড নির্বাচন করুন ।	

নির্দিষ্ট কাজের জন্য যে ব্লেড নির্ধারন করা হয়েছে সেটি লাগান । খেয়াল রাখতে হবে ব্লেড এর দাঁতের অংশ হ্যান্ডেল থেকে দূরে সম্মুখ দিকে নির্দেশ করে থাকে ।

হ্যাক স টি দুই হাতে ধরে সাবধানে দাঁড়ান । কাটার সময় এক হাত স এর সামনের অংশে রেখে, এর অবস্থান নিয়ন্ত্রন করুন ।	
স এর মাঝের দাঁত,যে অংশ কাটতে হবে সে লাইন বরাবর রেখে সামনের দিকে অল্প অল্প করে চালিয়ে কেটে “V” শেপ বানান । ব্লেড ধীরে ধীরে চালিয়ে কাটা আরম্ভ করুন। হ্যাক স এর ফ্রেম ধরে সামনের দিকে চাপ প্রয়োগ করে ধীরে ধীরে সময় নিয়ে কাটুন ।	

সর্তকতা	
	১. শুরুতে কাটিং লাইনটি মেটালের উভয় দিকেই টানুন, এতে আপনি আরো ভালোভাবে বুঝতে পারবেন আপনার কটিং সোজা হচ্ছে কি না। ২. বিবেচনায় রাখুন কাটা অংশটি ১-২ মিমি লম্বা অথবা ছোট হতে পারে। কাটার সময় স্-এর সামনের অংশ মাটির দিকে রাখুন এবং হাতের কুনইটি একটু উপরের দিকে রাখুন যেন স্-টি কাটিং লাইনের সাথে ৪৫°কোণ সৃষ্টি করে। ৩. কাটিং লাইন থেকে দৃষ্টি সরে গেলে, সেখানেই থেমে যান, চোখ পরিষ্কার করে আবার কাটা শুরু করুন। ৪. প্রসেস কাঠের জন্য ছোট দাঁতওয়ালা স'ব্যবহার করুন। ৫. কাটা শুরু করার পর বারবার না থেমে একবারে কাটার চেষ্টা করুন।
	১. সর্বদা নিরপত্তা সরঞ্জাম পরিধান করুন এবং মেটালের গুড়া চোখে যাওয়া রোধে অবশ্যই নিরাপত্তা চশমা ব্যবহার করুন। ২. হাতের আঙ্গুল ও শরীরের অন্যান্য অংশ স্-এর ধারালো দাঁত থেকে দুরে রাখবেন। ৩. কাটিং শেষ হয়ে গেলে হঠাৎ স'হাত থেকে ফেলে দিবেন না।

সেলফ চেক ৫.৩

প্রশ্ন ১: একটি হ্যাক স'এর অংশসমূহ চিহ্নিত করুন।



প্রশ্ন ২: টিপিআই বলতে কি বুঝায়?

উত্তরপত্র ৫.৩

প্রশ্ন ১ : একটি হ্যাক স'এর অংশসমূহ চিহ্নিত করুন।



প্রশ্ন ২: টিপিআই বলতে কি বুঝায়?

উত্তর: প্রতি ইঞ্চিতে দাতের সংখ্যা।

কার্যক্রম শীট ৫.৩

কার্যক্রমের নাম: হ্যাক স' দিয়ে মেটাল কাটা	
উদ্দেশ্য	এই কার্যক্রম অনুশীলনের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা **হ্যাক স' দিয়ে মেটাল কাটার** দক্ষতা অর্জন করবেন।
টুলস ও উপকরণ	মেটাল ও স্কাইবরি, হ্যান্ড স', ওয়ার্কিং টেবিল, বেঞ্চ ভাইস, ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম, ট্রাই স্কয়ার।
কাজের ধাপসমূহ	১. ৬ ফিট এবং ১ ইঞ্চি সাইজের এক টুকরা প্লাটবার সংগ্রহ করা। ২. টুকরা প্লাটবার সংগ্রহ উপর লম্বা করে ঠিক মাঝ বরাবর ৪ ইঞ্চি মার্ক করা। ৩. ট্রাই স্কয়ার দিয়ে পরিমাপ স্কয়ার করা। ৪. মেটালটিকে বেঞ্চ ভাইস-এ আটকানো। ৫. স্- এর হ্যান্ডেলটি শক্ত করে ধরুন ৬. এক হাত দিয়ে মেটালটি ধরুন ৭. হালকা চাপ প্রয়োগ করে মেটাল কাটুন। ৮. ট্রাই স্কয়ার দিয়ে উল্লম্বতা চেক করা ৯. কাজের জায়গা পরিষ্কার করুন। **কাজ সম্পন্ন হওয়ার পর আপনার প্রশিক্ষককে অবগত করুন এবং তাকে এই কার্যক্রমের চেকলিস্ট অনুযায়ী কার্যক্রমটি যাচাই করার জন্য অনুরোধ করুন।**

স্পেসিফিকেশন শীট ৫.৩

ইউনিট: গ্রিল তৈরী কাজের জন্য হ্যান্ড টুলস ব্যবহার করা

কার্যক্রমের নাম: হ্যাক স' দিয়ে মেটাল কাটা

প্রয়োজনীয় পিপিই:

১. মাস্ক - ১ পিছ
২. এপ্রোন - ১ পিছ
৩. সেফটি গগলস - ১ পিছ
৪. সেফটি হেলমেট - ১ পিছ
৫. সেফটি সু - ১ জোড়া
৬. কটন হ্যান্ড গুলভস -১ জোড়া

প্রয়োজনীয় ড্রয়িং



প্রয়োজনীয় পরিমাপ

- প্রকৃত সাইজ : ৫ ফিট X ১ ইঞ্চি
- ফিনিশড সাইজ : ৬ ইন্সি X ১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট:

১. ট্রায় স্কয়ার
২. স্কাইবার
৩. মেজারমেন্ট টেপ
৪. হ্যাক স'
৫. ওয়ার্ক বেঞ্চ
৬. বেঞ্চ ভাইস

উপকরণ:

৫ ফুট X 1 **ইঞ্চি সাইজের মেটাল**

কর্ম সম্পাদন মানদন্ডের তালিকা ৫.৩

মানদন্ড আমি কি.....		হ্যাঁ	হা
১.	টুলস এবং উপকরণ সংগ্রহ করেছিলাম?		
২.	৬ ফিট এবং ১ ইঞ্চি সাইজের এক টুকরা এম এস ফ্লাটবার সংগ্রহ করেছিলাম?		
৩.	এম এস ফ্লাটবার উপর লম্বা করে ৪ ইঞ্চি পর পর মার্ক করেছিলাম?		
৪.	ট্রাই স্কয়ার দিয়ে পরিমাপ স্কয়ার করেছিলাম?		
৫.	এম এস ফ্লাটবার কে বেঞ্চ ভাইস-এ আটকেছিলাম?		
৬.	স্- এর হ্যান্ডেলটি শক্ত করে ধরেছিলাম?		
৭.	এক হাত দিয়ে এম এস ফ্লাটবার ধরেছিলাম?		
৮.	হালকা চাপ প্রয়োগ করে কাঠ কেঠেছিলাম?		
৯.	কাজের জায়গা ও পরিমাপ টুলস'পরিস্কার করেছিলাম?		
১০.	টুলস'ও মালামাল পুনরায় জমা দিয়েছিলাম?		

ইনফরমেশন শীট ৫.৪: মেটাল (ধাতু) সারফেস (তল) ফাইল করে সমান করা

শিখনের উদ্দেশ্যাবলী: এই ইনফরমেশন শীট সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা মেটাল (ধাতু) সারফেস (তল) ফাইল করে সমান করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ অর্জন করতে পারবেন।

ফাইলের অংশ সমূহ





বিভিন্ন ধরনের ফাইল

কাটার প্রান্তে দেযা নির্দেশ লক্ষ্য করে সমতল অংশটি একদিকে এবং অপর প্রান্তটি উভমূখী হবে।



স্ক্রাইবারের লাইন স্পষ্ট দেখানোর জন্য পিস টি ইঞ্জিনিয়ার ব্লু বা স্থায়ী নীল মার্কার দিয়ে কোট করে দিন ।



ট্রাই স্কয়ার টি মেটালের স্কয়ার প্রান্তে এবং কাটা প্রান্তে মাপ করা মার্ক এর উপর বসান



ট্রাইস্কয়ারের বিপরীতে এঙ্গেল করে বসানো স্ক্রাইবারের সাহায্যে মেটাল পিসের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে একটি দাগ টানুন ।	
মেটাল পিসের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে টানা দাগ বরাবর এটি ভাইসের বেঞ্চ এ আটকে দিন ।	
মার্ক করা মেটাল(ধাতু) পিস উচু করে বসিয়ে আটকে দিন ।	
এক হাত দিয়ে ফাইলের হ্যান্ডেল এবং অন্য হাতের বুড়ো আঙুল দিয়ে ফাইলের মাথায় ধরুন	
যে হাতে হ্যান্ডেল ধরা সে হাত দিয়ে ধাক্কা দিয়ে এবং অন্য হাতের আঙ্গুল দিয়ে চাপ দিয়ে ওয়ার্ক পিসের উপর ফাইল টি বসান।	

সেলফ চেক ৫.৪

প্রশ্ন ১: এই পাঠে উল্লেখিত তিন ধরনের ফাইলের নাম বলুন?	
প্রশ্ন ২: একটি ফাইলের বিভিন্ন অংশের নাম লিখুন?	
প্রশ্ন ৩: কোন ফাইলটি মসৃন ফিনিশ দেয় ?	

উত্তরপত্র ৫.৪

প্রশ্ন ১: এই পাঠে উল্লেখিত তিন ধরনের ফাইলের নাম বলুন?	ফ্ল্যাট স্মুদ, ফ্ল্যাট সেকেন্ড কাট, ফ্ল্যাট বাসটার্ট
প্রশ্ন ২: একটি ফাইলের বিভিন্ন অংশের নাম লিখুন?	
প্রশ্ন ৩: কোন ফাইলটি মসৃন ফিনিশ দেয় ?	ফ্ল্যাট ফাইল স্মুদ

কার্যক্রম শীট ৫.৪

কার্যক্রমের নাম: : মেটাল (ধাতু) সারফেস (তল) ফাইল করে সমান করা	
উদ্দেশ্য	এই কাজের অনুশীলনে মাধ্যমে প্রশিক্ষণার্থীরা মেটাল (ধাতু) সারফেস (তল) ফাইল করে সমান করতে পারবে
উপকরণ	**প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতি/মালামাল:** মেজারিং টেপ, ফাইলসেট, টেবিল ভাইস, স্ক্রাইবার ওয়্যার ব্রাশ, ট্রাইস্কয়ার এবং ওয়ার্ক পিস **ব্যাক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই):** এপ্রোন, সেফটি গগলস ,কটন হ্যান্ড গ্লাভস, সেফটি সু ।
কাজের ধাপসমূহ	১. টুলস ও ফ্ল্যাট ওয়ার্ক পিস সংগ্রহ করুন। ২. কাটা প্রান্তের যে অংশে ফাইল করা হবে সেখানে স্ক্রাইবার দিয়ে মার্ক করুন। ৩. মার্ক করা অংশ উপরের দিককে কওে রেখে ওয়ার্ক পিসটি ভাইসের সাথে আটকে দিন ৪. এক হাত দিয়ে ফাইলের হ্যান্ডেল এবং অন্য হাতের বুড়ো আঙুল দিয়ে ফাইলের মাথায় ধরুন। ৫. সাবধানতার সাথে পায়ের অবস্থান নিন । ৬. যে হাতে হ্যান্ডেল ধরা সে হাত দিয়ে ধাক্কা দিয়ে এবং অন্য হাতের আঙ্গুল দিয়ে চাপ দিয়ে ওয়ার্ক পিসের উপর ফাইল টি বসান । ৭. ভাইস ও কাজের জায়গা পরিষ্কার করুন। ৮. সকল টুলস্ , ওয়ার্ক পিস ও মালামাল পুনরায় জমা করুন। **কাজ সম্পন্ন হওয়ার পর আপনার প্রশিক্ষককে অবগত করুন এবং তাকে এই কার্যক্রমের চেকলিস্ট অনুযায়ী কার্যক্রমটি যাচাই করার জন্য অনুরোধ করুন।**

কর্ম সম্পাদন মানদন্ডের তালিকা ৫.৪

মানদন্ড আমি কি.....		হ্যাঁ	হা
১.	টুলস এবং উপকরণ সংগ্রহ করেছিলাম?		
২.	কাটা প্রান্তের যে অংশে ফাইল করা হবে সেখানে স্ক্রাইবার দিয়ে মার্ক করেছিলাম?		
৩.	মার্ক করা অংশ উপরের দিককে কওে রেখে ওয়ার্ক পিসটি ভাইসের সাথে আটকে দিয়েছিলাম?		
৪.	এক হাত দিয়ে ফাইলের হ্যান্ডেল এবং অন্য হাতের বুড়ো আঙুল দিয়ে ফাইলের মাথায় ধরেছিলাম?		
৫.	সাবধানতার সাথে পায়ের অবস্থান নিয়েছিলাম?		
৬.	যে হাতে হ্যান্ডেল ধরা সে হাত দিয়ে ধাক্কা দিয়ে এবং অন্য হাতের আঙ্গুল দিয়ে চাপ দিয়ে ওয়ার্ক পিসের উপর ফাইল টি বসিয়েছিলাম?		
৭.	ভাইস ও কাজের জায়গা পরিষ্কার করেছিলাম?		
৮.	কাজের জায়গা ও পরিমাপ টুলস'পরিস্কার করেছিলাম?		
৯.	টুলস'ও মালামাল পুনরায় জমা দিয়েছিলাম?		

শিখনফল ৩: গ্রিল তৈরী কাজে পাওয়ার টুলস'ব্যবহার করা

বিষয়বস্তু:

১. বিভিন্ন ধরণের পাওয়ার (শক্তি) এর উৎস
২. পাওয়ার টুলস প্রস্তুত করা
৩. বিভিন্ন পাওয়ার টুলস এর অংশসমূহ

মূল্যায়নের মানদন্ডঃ

১. বিদূৎ সরবরাহের উৎস চিনতে পারা
২. কর্মক্ষেত্রের কার্যপ্রণালী অনুযায়ী পাওয়ার টুলস্ প্রস্তুত করতে পারা
৩. প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করতে বিদ্যুৎ সরবরাহের জন্য নিরাপদ লাইন স্থাপন করতে পারা
৪. স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুসরণ করে কাজের প্রয়োজন অনুসারে পাওয়ার টুলস্ ব্যবহার করতে পারা

শিখন উপকরণ ঃ

১. রেফারেন্স বই
২. সিবিএলএম
৩. মডিউল বা রেফারেন্স

শিখন কার্যক্রম ৬

শিখন ফলঃ গ্রিল তৈরী কাজে পাওয়ার টুলস'ব্যবহার করা

শিখন কার্যক্রম	বিশেষ নির্দেশনা
শিখন কার্যক্রম ৬.১: পাওয়ার টুলস কাজের জন্য প্রস্তুত করা	▪ **ইনফরমেশন শীট ৬.১** পড়ুন। ▪ **সেলফ চেক ৬.১** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ৬.১** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন
শিখন কার্যক্রম ৩.২: পাওয়ার 'স' মেশিন ব্যবহার করে মেটাল (ধাতু) ওয়ার্ক পিস কাটা	▪ **ইনফরমেশন শীট ৬.২** পড়ুন। ▪ **সেলফ চেক ৬.২** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ৬.২** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন ▪ **জব শীট ৬.২** অনুসারে কাজ করুন।
শিখন কার্যক্রম ৩.৩: হ্যান্ড ড্রিল মেশিন ব্যবহার করে মেটালে ছিদ্র করা	▪ **ইনফরমেশন শীট ৬.৩** পড়ুন। ▪ **সেলফ চেক ৬.৩** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ৬.৩** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন। ▪ **কার্যক্রম শীট ৩.৩** অনুসারে কাজ করুন।
শিখন কার্যক্রম ৩.৪: অ্যাঙ্গেল গ্রাইন্ডিং মেশিন ব্যবহার করে মেটাল মসৃণ করা	▪ **ইনফরমেশন শীট ৬.৪** পড়ুন। ▪ **সেলফ চেক ৬.৪** সম্পন্ন করুন। ▪ **উত্তরপত্র ৬.৪** এর সাথে আপনার উত্তর মিলিয়ে নিন। ▪ **কার্যক্রম শীট ৬.৪** অনুসারে কাজ করুন।

ইনফরমেশন শীট ৬.১: পাওয়ার টুলস' কাজের জন্য প্রস্তুত করা

শিখনের উদ্দেশ্য: এই ইনফরমেশন শীটটি সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা পাওয়ার টুলস ব্যবহারের জন্য পাওয়ার টুলস ব্যবহাররে জন্য প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ অর্জন করতে পারবেন।

পাওয়ার টুলস ও ইকুইপমেন্ট এর প্রকারভেদ

ভুমিকা: গ্রিল তৈরী কাজে বিভিন্ন ধরনের পাওয়ার টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা হয়। পাওয়ার টুলসগুলো চালানোর জন্য বিভিন্ন ধরণের পাওয়ার (শক্তি) এর প্রযোজন হয়। পাওয়ার এর উৎস অনুযায়ী পাওয়ার টুলসকে তিন ভাগে ভাগ করা যায়:

১. বৈদ্যুতিক পাওয়ার টুলস
২. হাইড্রোলিক পাওয়ার টুলস
৩. নিউমেটিক পাওয়ার টুলস

বৈদ্যুতিক পাওয়ার টুলস:

এটি বৈদ্যুতিক মোটর দ্বারা চালিত হয় পাওয়ার টুলস এবং উপকরণ মেশিনিং এর জন্য ব্যবহৃত হয়। একটি পাওয়ার টুলস সাধারণত একটি হাউজিং এবং একটি বৈদ্যুতিক মোটর দ্বারা গঠিত, যারটার একটি ংঢ়রহফষব সংযুক্ত করা হয়। বৈদ্যুতিক পাওয়ার টুলস সবসময় একটি তারের মাধ্যমে এবং পাওয়ার এর সঙ্গে সংযুক্ত করা প্রয়োাজন ।



বৈদ্যুতিক পাওয়ার টুলস অত্যন্ত বিপজ্জনক এবং অপারেটর এর কাছাকাছি কাজকরা লোকদের জন্য মারাত্মক আঘাত বা মৃত্যু হতে পারে। যখন আপনি বৈদ্যুতিক পাওয়ার টুলস দিয়ে কাজ করবেন, তখন আপনাকে উপযুক্ত সুরক্ষা সরঞ্জামগুলি নির্বাচন করতে হবে। আপনি তাদের অবস্থার বজায় রাখা এবং সর্বদা নিরাপদ কাজ অনুশীলন ব্যবহার করতে হবে।

হাইড্রোলিক পাওয়ার টুলস:

হাইড্রোলিক পাওয়ার টুলস পিস্টন, রোটারী, স্ক্রু, এবং অন্যান্য শক্তি দিয়ে নির্মিত হয়। পিস্টন ড্রাইভগুলি যেমন হাইড্রোলিক থেকে রেসিপ্রোক্যাটিং কাজের জন্য, ব্যাপকভাবে ব্যবহৃত হয়। হাইড্রোলিক পাওয়ার টুলস শান্তভাবে কাজ করে এবং পরিষেবা নিভরযোগ্য হয় এবং তারা বৈদ্যুতিক মোটর এবং বায়ু সংকোচকারী উভয় দ্বারা পরিচালিত হতে পারে।

নিউমেটিক পাওয়ার টুলস:

